## সমার্থক শব্দ : বিস্তারিত উদাহরণ

### অ

অত্যাচার : উৎপীড়ন, নিপীড়ন, নিগ্রহ, জুলুম, নির্যাতন, নিষ্পেষণ, লাঞ্ছনা, পীড়ন, জবরদস্তি, উৎপাত, উপদ্রব।

অদৃশ্য : অগোচর, অদেখা, অলখ, অলক্ষিত, অদৃষ্ট, অপ্রকট, অলক্ষ্য, অদর্শিত, অদেখা, নাদেখা।

অদ্ভুত : আজগুবি, উদ্ভট, বিচিত্র, বিস্ময়কর, অভিনব, অস্বাভাবিক, আশ্চর্যজনক, অপূর্ব, অলৌকিক, অভূতপূর্ব, ভূতুড়ে, সৃষ্টিছাড়া, তাজ্জব, মজার, বিচিত্র।

অধিপতি : মালিক, শাসক, প্রভু, পতি, কান্ত, রাজা, নৃপতি, ভূপতি, ভূপাল, নাথ।

অধিবেশন : সম্মেলন, মিটিং, সম্মিলন, সম্মিলনী, মহাসভা, সভা, আলোচনা সভা, সমিতি, সমাবেশ, জমায়েত, বৈঠক, দরবার, জনসমাবেশ, কনভেনশন, কনফারেন্স, সেমিনার, কর্মশিবির, মজলিশ।

অধীর : উৎসুক, উন্মুখ, ব্যগ্র, ব্যাকুল, ধৈর্যহীন, উচাটন, চঞ্চল।

অধ্যয়ন : জ্ঞানার্জন, লেখাপড়া, শিক্ষণ, শিক্ষাগ্রহণ, বিদ্যালাভ, বিদ্যাশিক্ষা, বিদ্যার্জন, পাঠ, পঠন, পাঠাভ্যাস, জ্ঞানাভ্যাস, বিদ্যানুশীলন, পড়া, শেখা, বিদ্যাভ্যাস, প্রাধ্যয়ন, পাঠানুশীলন।

অনঙ্গ : ফুলশর, ফুলধনু, কন্দর্প, মনোজ, মন্মথ, মনসিজ, রতিকান্ত, মদন, কামদেব, মনোভব, মদনদেব, রম, রমণ, পুষ্পকেতু, অতনু, রতিপতি, কাম। [সি. বো. '০১]

অনন্ত : চির, নিত্য, অবিনাশী, চিরন্তন, অক্ষয়, অনশ্বর, অপার, অবিনশ্বর, সীমাহীন, অন্তহীন, অপরিসীম, শাশ্বত, নিরবশেষ, চিরস্থায়ী, অশেষ, অসীম, নিরবধি, চিরায়ত, অগণ্য, চিরস্থায়ী।

অনাদর : অপমান, অবহেলা, উপেক্ষা, অবজ্ঞা, তাচ্ছিল্য, অবমাননা, অযত্ন, স্নেহাভাব, অস্নেহ, স্নেহহীনতা, স্নেহশূন্যতা, আদরাভাব, অমর্যাদা, অমনোযোগ, হেলা, হেলাফেলা, নির্দয়তা।

অনাবশ্যক : নিষ্প্রয়োজন, বাজে, অপ্রয়োজনীয়, বেদরকারি, অবান্তর, অনর্থক, ফালতু, তুচ্ছ, অপ্রধান, অদরকারি।

অনিবার্য : অমোঘ, অবশ্যম্ভাবী, অবধারিত, অনিবার, অসংবরণীয়, অব্যর্থ, দুর্নিবার, অলঙ্ঘনীয়।

অনুকরণ : অনুসরণ, সদৃশীকরণ, সাদৃশ্যকরণ, নকল, প্রতিকরণ, প্রতিরূপীকরণ।

অনুগ্রহ : দয়া, কৃপা, করুণা, অনুকম্পা, অনুক্রোশ।

অনুজ্জ্বল : ম্লান, মিটমিটে, স্তিমিত, আবছায়া, ফিকে, বিবর্ণ, নিষ্প্রভ, অপ্রভ, নিস্তেজ, ম্রিয়মাণ, জ্যোতিহীন, টিমটিমে, ফ্যাকাশে, ক্ষীণ, মৃদু, মলিন, ছায়াচ্ছন্ন, পাংশু, পাণ্ডুর, প্রভাহীন।

অনুরাগ : ভালোবাসা, প্রীতি, বন্ধুত্ব, পছন্দ, প্রণয়, প্রেম, আকর্ষণ, টান, সদ্ভাব।

অনুরোধ : আবেদন, আরজি, প্রার্থনা, কাকুতি, নিবেদন, মিনতি, বিনতি, উপরোধ, অনুনয়, ধরাধরি, সাধাসাধি, সাধ্যসাধনা, আবদার, ধরা, বায়না।

অনুসন্ধান : অন্বেষা, এষণা, অন্বেষণ, সন্ধান, তল্লাশ, খোঁজ, খোঁজখবর, তালাশ, তদন্ত, হদিস।

অনুসরণ : অনুক্রমণ, পশ্চাদ্গমন, অনুগমন, অনুবর্তন, অনুসৃতি, অনুধাবন, অনুসার, অনুবর্তিতা।

অনেক : বেশি, খুব, বহুত, বহুল, বহুসংখ্যক, বহু, নানা, প্রচুর, একাধিক, অঢেল, অতিশয়, ঢের, বিপুল, অগুনতি, যথেষ্ট, ভূরি, বিস্তর, মেলা, অজস্র, আময়দা, প্রভূত, অগণ্য, কত, কতশত।

অন্তর : ছিদ্র, মধ্য, ফাঁক, ব্যবধান, পার্থক্য, তফাত, ভেদ, মন, হৃদয়, অপর, ভিন্ন।

অন্ধকার : আঁধার, আঁধারি, তম, তমস, তমসা, তিমির, তমিস্র, তমিস্রা, আলোকহীনতা, আলোকশূন্যতা, শর্বর, নভাক।
[কু. বো. '০৩; ঢা. বো. '০৯, '১২, '১৪; চ. বো. '১০; রা. বো. '১০, '১৩]

অন্নদা : উমা, পার্বতী, অপর্ণা, শিবপত্নী, শিবানী, দুর্গা, গিরিজা, নগনন্দিনী, অন্নপূর্ণা।

অপচয় : অপব্যয়, ক্ষতি, ক্ষয়, বৃথা ব্যয়, হ্রাস, অপব্যবহার।

অপবাদ : নিন্দা, কুৎসা, দুর্নাম, বদনাম, দোষকীর্তন, কুখ্যাতি, অখ্যাতি, অপভাষ, অপযশ, কলঙ্ক, দুর্বাচ্য।

অপরিচিত : অচেনা, অচিন, না-জানা, অজানা, অজ্ঞাত, অনবগত, অপরিজ্ঞাত, অবিজ্ঞাত, অদৃষ্ট, অজ্ঞেয়।

অপূর্ব : অপরূপ, অভিনব, আশ্চর্য, বিস্ময়কর, অভূতপূর্ব, অত্যদ্ভুত, অদ্ভুত, অত্যাশ্চর্য, অলৌকিক, আজব, তাজ্জব, চমকপ্রদ, মনোরম, মনোহর, অবাক করা, সুন্দর।

অবকাশ : ছুটি, সময়, অবসর, ফুরসত, সুযোগ, বিরাম।

অবনি : পৃথিবী, বসুমতী, বসুন্ধরা, ভুবন, ধরা, ধরিত্রী, বিশ্ব।

অবস্থা : প্রকার, গতিক, হাল, স্থিতি, দশা, রকম, অবস্থান, পরিস্থিতি, পরিবেশ, ঘটনা, ঘটনাচক্র, হালত, হাবভাব, প্রসঙ্গ, ব্যাপার, হালচাল, ধরনধারণ, ভাবভঙ্গি, ভাবগতিক, ব্যাপার-স্যাপার।

অবাধ : বাধাহীন, নির্বাধ, অপ্রতিবন্ধ, অবারিত, অবশীভূত, অনর্গল।

অভাব : দৈন্য, অনটন, হীনাবস্থা, গরিবি, অর্থকষ্ট, দারিদ্র্য, দীনতা, দুরবস্থা, দুস্থিতি, নিঃসম্বলতা, অসচ্ছলতা, অপ্রাচুর্য, দুর্দশা, ন্যূনতা, রিক্ততা, অপর্যাপ্ত, অর্থকৃচ্ছ্র, কমতি, ঘাটতি।

অভিলাষ : বাসনা, বাঞ্ছা, আকাঙ্ক্ষা, ইচ্ছা, কামনা, স্পৃহা, সাধ, অভিপ্রায়, অভিরুচি।

অরণ্য : কুঞ্জ, জঙ্গল, বন, বিপিন, কানন, অটবি, কান্তার।

অরুণ : লাল, রক্তিম, আরক্ত, প্রভাতসূর্য, সূর্যসারথি, নতুন সূর্য, প্রভাতরবি।

অলস : অকর্মণ্য, কুঁড়ে, অকর্মা, অকেজো, নিষ্ক্রিয়, নিষ্কর্মা, শ্রমকাতর, শ্রমবিমুখ, জড়প্রকৃতি, জড়ভরত, ঢিলে, নিরুদ্যম, আলসে, আলস্যপরায়ণ।

অলি : মৌমাছি, মধুকর, মধুপ, ভৃঙ্গ, ষট্পদ, দ্বিরেফ, শিলীমুখ।

অল্প : একটু, অবহুল, ঈষৎ, অনধিক, কম, সামান্য, অপ্রচুর, কিয়ৎ, নগণ্য, যৎসামান্য।

অশ্ব : ঘোড়া, ঘোটক, ঘোটকী, তুরগ, তুরঙ্গ, তুরঙ্গম, বাজী, বাহ, হয়, মরুদ্রথ, সৈন্ধব, বাহনশ্রেষ্ঠ, হ্রেষী, বামী, টাঙ্গন, চামরী, বড়বা। [ঢা. বো. '০১; য. বো. '০৩; রা. বো. '০৪; সি. ও ব. বো. '০৫; কু. বো. '০৬]

অশ্রু : অশ্রুজল, অশ্রুবারি, আঁখিজল, নয়নজল, নয়নবারি, চোখের জল, নেত্রবারি, নেত্রনীর, চোখের পানি। [ঢা. বো. '০৯; ব. বো. '০৯; কু. বো. '১৪]

## আ

আইন : ধারা, উপধারা, উপবিধি, বিধি, বিধান, বিধিব্যবস্থা, অনুবিধি, কানুন, বিহিতক, অধিনিয়ম, বিল, নিয়ম, নিয়মাবলি, নিয়মকানুন, আইনকানুন। [ব. বো. '১১]

আঁখি : চক্ষু, চোখ, অক্ষি, আঁখ, নয়ন, নয়না, নজর, নেত্র, লোচন, দর্শন, দর্শনেন্দ্রিয়, দৃষ্টি। [য. বো. ২০০০, '০৮]

আঁশ : আঁশটে, শকল, বল্কল, শল্কল, শল্ক, তন্তু, অংশু।

আকার : অবয়ব, আকৃতি, চেহারা, কায়া, কলেবর, কাঠামো, ঢং, ঢপ, আদল, ডৌল, রূপ, গড়ন, গঠন, ছাঁদ, ধাঁচ, সৌষ্ঠব।

আকাশ : গগন, খলোক, খগোল, অম্বর, নভঃ, ব্যোম, অন্তরিক্ষ, শূন্য, শূন্যলোক, আসমান, দ্যুলোক, অভ্র, নীলিমা, অনন্ত, সুরপথ, অম্বরতল, নক্ষত্রলোক, ইথার, নভোলোক, নভোমণ্ডল, নভস্তল, নভস্থল।
[রা. বো. '০১, '০৩; ব. বো. '০৫, '০৯, '১২; কু. বো. '০১, '০৫, '১১, '১৩; য. বো. '০২, '১৩, '১৪; ঢা. বো. '০৬, '১৫; সি. বো. '০৭, '১৪; দি. বো. '০৯, '১৪; চ. বো. '১১, '১৩]

আকুল : অধীর, উদ্বিগ্ন, ব্যগ্র, ব্যাকুল, কাতর, উৎসুক, কৌতূহলী, অস্থির, আবিষ্ট।

আগুন : অগ্নি, অনল, দহন, বহ্নি, পাবক, হুতাশন, শিখা, শিখাবৎ, শিখিন, বৈশ্বানর, কৃশানু, বায়ুসখা, শুচি, পিঙ্গল, বিশ্বপা, হিমারাতি, বায়ুসখ, অনিলসখ, জগন্নু, সপ্তাংশু, ধনঞ্জয়, হুতভুক, সর্বভুক। [সি. বো. '১৫]

আঘাত : ঘা, চোট, কোপ, প্রহার, ব্যথা, বেদনা।

আচমকা : হঠাৎ, আচম্বিতে, চকিতে, সহসা, অকস্মাৎ, অতর্কিতে।

আজ্ঞা : আদেশ, হুকুম, অনুমতি, অনুজ্ঞা, নির্দেশ।

আত্মা : প্রাণ, স্বরূপ, জীবন, জীবাত্মা, সত্তা, স্বয়ং, পরমাত্মা, অধিদেবতা।

আধুনিক : অধুনা, নব্য, হালের, সাম্প্রতিক, অধুনাতন, নবীন, বর্তমান, সমকালীন।

আদালত : বিচারালয়, কোর্ট, কাচারি, বিচারশালা, বিচারস্থান, ধর্মাধিকরণ, এজলাস।

আদি : পূর্ব, প্রথম, আরম্ভ, অগ্র, প্রাচীন, উৎস, মূল, আদপে, আদিতে।

আদেশ : নির্দেশ, নির্দেশন, আজ্ঞাপন, ফরমাশ, আজ্ঞপ্তি, বিজ্ঞপ্তি, আজ্ঞা, হুকুম, অনুমতি, অনুশাসন, অনুজ্ঞা, বিধান।

আনন্দ : সুখ, স্ফূতি, ফুর্তি, সন্তোষ, পরিতোষ, উৎফুল্লতা, প্রফুল্লতা, প্রসন্নতা, হরষ, হর্ষ, পুলক, আহ্লাদ, আমোদ, প্রমোদ, হাসি, উল্লাস, হৃষ্টতা, মজা, রগড়, তুষ্টি, খুশি, হাসিখুশি। [কু. বো. '০৮; সি. বো. '১২; ব. বো. '১৪]

আপ্যায়ন : সমাদর, খাতির, আতিথেয়তা, যত্নআত্তি, অভ্যর্থনা, সংবর্ধনা, আদরযত্ন।

আফসোস : অনুতাপ, পরিতাপ, মনস্তাপ, খেদ, দুঃখ, অনুশোচনা, আক্ষেপ।

আবর্তন : পরিভ্রমণ, প্রত্যাবর্তন, পুনরাগমন, বেষ্টন, আলোড়ন, ঘোরা, প্রদক্ষিণ।

আবেদন : আরজি, প্রার্থনা, নিবেদন, দরখাস্ত, অনুরোধ, যাচ্ঞা, মাগন, চাওয়া।

আম : অম্র, আম্র, চূত, অমৃতফল।

আমন্ত্রণ : নিমন্ত্রণ, আহ্বান, আহূতি, ডাক, আবাহন, সম্ভাষণ, নেমন্তন্ন।

আমলকী : বীরা, অমলক, অমৃতা, আমলা, ধাত্রিকা, বৃষ্য, তিষ্যা।

আয়না : দর্পণ, আরশি, মুকুর, শিশা।

আরম্ভ : শুরু, সূচনা, সূত্রপাত, ইফতিদা, মহরত, সমারম্ভ, প্রারম্ভ, উপক্রমণিকা, অবতারণা, অবতরণিকা, অনুবন্ধ, গৌরচন্দ্রিকা, ভূমিকা, মুখবন্ধ, প্রস্তাবনা, প্রবর্তনা।

আর্দ্র : ভেজা, তিমিত, সিক্ত, ওরসা।

আলো : আলোক, রশ্মি, কিরণ, অংশু, কর, দীপ্তি, প্রভা, জ্যোতি, আভা, বিভা, উদ্ভাস, দ্যুতি, ঔজ্জ্বল্য, জেল্লা, ভাতি, জৌলুস, প্রদীপ্তি, চাকচিক্য, নুর।
[চ. বো. '১৩; ব. বো. '০৪; কু. বো. '০৮; দি. বো. '১০; সি. বো. '১২]

আল্লাহ : খোদা, বিধাতা, স্রষ্টা, সৃষ্টিকর্তা, বিধি, পরমাত্মা, প্রভু, ইলাহি।

আশা : অভিলাষ, অভিরুচি, অভিপ্রায়, সাধ, ইচ্ছা, আকাঙ্ক্ষা।

আশ্চর্য : অদ্ভুত, অবাক, আজব, বিস্ময়, বিস্ময়কর, বিস্মিত, চমক, আশ্চর্যান্বিত, হতবাক।

আসল : মৌলিক, খাঁটি, মূল, মূলধন, প্রকৃত, যথার্থ।

আহ্বায়ক : আহ্বানকারী, আবাহনকারী, আবাহন, আমন্ত্রণকারী, নিমন্ত্রণকারী, সম্বোধক।

## ই

ইচ্ছা : বাসনা, বাঞ্ছা, স্পৃহা, অভিলাষ, প্রবৃত্তি, অভিপ্রায়, অভিরুচি, মনোরথ, কামনা, সাধ, ঈপ্সা, অভীপ্সা, আশা, আশ, আকাঙ্ক্ষা, কাঙ্ক্ষা, এষণা, প্রার্থনা, চাওয়া, মনোবাঞ্ছা, মনোবাসনা, মনস্কাম, মনস্কামনা।
[ঢা. বো. '০০, '০৫; য. বো. '০২; কু. বো. '০২, '০৩, '১১; সি. বো. '০৫; চ. বো. '০৮, '১৪, '১৫; রা. বো. '০০, '১১; ব. বো. '০৫, '০৮, '১২; দি. বো. '০৯, '১৪, '১৫]

ইতি : সমাপ্তি, শেষ, অবসান, যবনিকাপাত, রফা, খতম, সমাপন, ছেদ, সাজ্গা, অন্ত, অবসান, পর্যবসান।

ইদানীং : আজকাল, সম্প্রতি, অধুনা, এখন, এইসময়, এখনকার, হালফিল, এক্ষণে, বর্তমানে, হালে, ইদানীন্তন।

ইন্দু : চাঁদ, চন্দ্র, সুধাকর, শশধর, শশাঙ্ক, শশী।

ইন্দ্র : অধিপতি, সুরপতি, পাকনাশন, বাসব, দেবপতি, দেবরাজ, আখণ্ডল, সুরেশ।

ইন্দ্রজাল : জাদুবিদ্যা, মায়াবিদ্যা, ভোজবাজি, ভেলকি, জাদুর খেলা, ম্যাজিক, ভোজবিদ্যা, ভেলকিবাজি, অপরাবিদ্যা।

ইলা : পৃথিবী, ইরা, ধরা, ধরণি, ধরিত্রী, ভূমি, অবনী, বসুন্ধরা, দুনিয়া, ভূজগৎ, বিশ্ব।

ইশতাহার : বিজ্ঞপ্তি, প্রচারপত্র, বিজ্ঞাপন, নোটিশ, ঘোষণাপত্র, বিজ্ঞাপনী।

ইষ্ট : আত্মীয়, প্রিয়, কল্যাণকর, পূজিত, উপাস্য, কাম্য, কল্যাণ, যজ্ঞাদি।

## ঈ

ঈক্ষা : দেখা, তাকানো, দৃষ্টি, দৃষ্টিপাত, দর্শন, ঈঙ্গিত, অবলোকন, ঈক্ষণ।
ঈপ্সা : ইচ্ছা, আকাঙ্ক্ষা, অভিপ্রায়, প্রত্যাশা, লোভ, লালসা, কামনা, বাসনা, বাঞ্ছা।
ঈর্ষা : পরশ্রীকাতরতা, দ্বেষ, বিদ্বেষ, হিংসা, অসূয়া, রিষ, রেষারেষি, বৈরীভাব, বৈরিতা, অন্তর্দাহ, মাৎসর্য।
ঈশ্বর : ঈশ, ভগবান, ধাতা, বিধাতা, বিশ্বপতি, জগদীশ্বর, জগদীশ, জগৎপতি, জগৎপিতা, জগৎস্রষ্টা, জগদ্বন্ধু, জগন্ময়, স্রষ্টা, সৃষ্টিকর্তা, লোকনাথ, পৃথ্বীশ, অমরেশ, অন্তর্যামী, পরমপুরুষ, পরমেশ্বর, পরমব্রহ্ম, পরমপিতা, পরমাত্মা, করুণাময়, দয়াময়, মঙ্গলময়, নিরঞ্জন, ব্রহ্ম, পরেশ, পরমেশ, আল্লাহ, খোদা, করিম, রহিম, রহমান, খোদাতায়ালা, ইলাহি, মালিক, বিধি, বিভু, প্রভু। [ব. বো. '০৫; কু. বো. '০৮; দি. বো. '১০]
ঈষৎ : অল্প, সামান্য, কিঞ্চিৎ, কিছু, একটু, খুব কম, অনধিক, নগণ্য, খানিক।
ঈষদুষ্ণ : কবোষ্ণ, সামান্য গরম, কুসুম গরম, ঈষৎ উষ্ণ, অল্প উষ্ণ, অল্প গরম।

## উ

উঁচু : উচ্চ, উন্নত, তুঙ্গ, সুউচ্চ, অত্যুচ্চ, সমুন্নত, সমুচ্চ, আকাশছোঁয়া, গগনচুম্বী, গগনস্পর্শী, আকাশচুম্বী।
উগ্র : প্রচণ্ড, তীব্র, প্রখর, উৎকট, কোপন, কঠোর, রুক্ষ, রূঢ়, চণ্ড, উচ্চণ্ড, গোঁয়ার, জেদি।
উচিত : যুক্তিযুক্ত, উপযুক্ত, যোগ্য, কর্তব্য, ন্যায্য, সমীচীন।
উচ্ছেদ : উৎখাত, উচ্ছেদন, উৎপাটন, নির্মূল, মূলোৎপাটন, সমুৎপাটন, সমুচ্ছেদ, উৎসাদন, স্থানচ্যুতি।
উচ্ছ্বাস : উচ্ছলতা, উল্লাস, প্রাণপ্রাচুর্য, স্ফীতি, স্ফূর্তি, বিকাশ, প্রাণাবেগ, স্ফুরণ, উদ্দামতা।
উজ্জ্বল : দীপ্তিমান, আলোকিত, উদ্ভাসিত, বিভাসিত, দীপ্যমান, দীপ্তিশীলা, দীপ্ত, দীপ্র, শোভমান, প্রজ্বলিত, প্রোজ্জ্বল, সমুজ্জ্বল, দেদীপ্যমান, চকচকে, চমকদার, জ্বলজ্বলে, জলুসদার, ঝলমলে, সুপ্রভ, ভাস্বর।
উট : মরুজাহাজ, মরুদ্বিপ, শরভ, উষ্ট্র, কণ্টকভুক, ক্রমেলক, কন্টকাশন, করভ, ধূম্রক।
উত্তম : উৎকৃষ্ট, প্রকৃষ্ট, সেরা, ভালো, অত্যুৎকৃষ্ট, শ্রেষ্ঠ, সর্বশ্রেষ্ঠ, অগ্রণী, অতুল, অতুলনীয়।
উত্তর : প্রতিবাক্য, মীমাংসা, উদীচী, পরবর্তী, উদক, সাড়া, জবাব।
উত্তোলন : উত্থাপন, ওঠানো, ঊর্ধ্বে বহন, তোলা, ঊর্ধ্বে ধারণ, ঊর্ধ্বে স্থাপন।
উত্থান : আবির্ভাব, অভ্যুদয়, উন্নতি, ওঠা, উত্থিতি, উদ্‌গম, উদ্‌গতি।
উদলা : আঢাকা, খোলা, উন্মুক্ত, উদাম, অনাবৃত, অনাচ্ছাদিত, নগ্ন, আবরণহীন, উলঙ্গ, বিবস্ত্র, নাঙ্গা।
উদাহরণ : নিদর্শন, দৃষ্টান্ত, নজির, নমুনা, উল্লেখ।
উদ্দেশ্য : লক্ষ্য, অভিসন্ধি, অভিপ্রায়, মতলব, কারণ, তাৎপর্য, হেতু।
উদ্দাস : আনন্দ, আমোদ, আহ্লাদ, স্ফূর্তি, প্রফুল্লতা, হর্ষ, উল্লাস, পুলক।
উন : কম, ন্যূন, হীন, দুর্বল।
উপকথা : রূপকথা, কাহিনি, গল্প, উপাখ্যান, কেচ্ছা।
উপকার : মঙ্গলসাধন, হিতসাধন, অনুগ্রহ, আনুকূল্য, সাহায্য, হিত, কল্যাণ।
উপচয় : সংগ্রহ, সমূহ, নিচয়, উন্নতি, শ্রীবৃদ্ধি, পুষ্টি, আধিক্য।
উপদ্রব : অত্যাচার, উৎপাত, পীড়ন, উৎপীড়ন, দৌরাত্ম্য, নিপীড়ন।
উপভোগ : ভোগ, আস্বাদন, ভক্ষণ, ব্যবহার, সম্ভোগ, সুখভোগ, উপসেবা।
উপযুক্ত : যোগ্য, কাবিল, যথাযোগ্য, সমর্থ, উপযোগী, অনুরূপ, সমকক্ষ, উচিত।
উপযোগ : প্রয়োজন, প্রয়োগ, উপযুক্ততা, ব্যবহার, উপযোগিতা, কার্যকারিতা, আনুকূল্য, সংগত।
উপস্থিত : বর্তমান, বিদ্যমান, আগত, হাজির, নিকটস্থ, সম্মুখবর্তী, সমাগত।
উর্বর : উর্বরা, ফলপ্রদ, প্রচুর, সারবান, উৎপাদনশীল, ভালো।
উষা : প্রভাত, প্রত্যুষ, ভোর, সকাল, ভোরবেলা, উষসী, অহনা, প্রাতঃকাল।

উপহার : পুরস্কার, উপঢৌকন, অর্পিত, আনীত, নিবেদিত, সংকলিত, সংগৃহীত, পরিবেশিত, আহৃত।

## ঊ

ঊরু : ঊরুত, রান, রাং, জানুর উপরিভাগ।
ঊর্ধ্ব : উচ্চ, উপরিভাগ, উপরিস্থ, উপরিতন, ওপর, উন্নত, চূড়া, শীর্ষ, শিখড়, শৃঙ্গ।
ঊর্মি : তরঙ্গ, ঢেউ, কল্লোল, হিল্লোল, লহর, লহরি, উল্লোল, মৌজ, মহোর্মি।
ঊষর : নোনাযুক্ত, অনুর্বর, ক্ষারযুক্ত, মরুময়, নীলস, রুক্ষ।
ঊহ্য : অনুক্ত, অনুচ্চারিত, অনুল্লিখিত, অব্যক্ত, অকথিত, বলা হয়নি এমন।

## ঋ

ঋজু : অবক্র, সিধা, সিধে, সোজা, অকপট, সরল, সহজ, খাড়া, সুসাধ্য।
ঋণ : ধার, হাওলাত, ধারকর্জ, দেনা, কর্জ।
ঋতু : মৌসুম, কাল, আয়াম, মরশুম, পালা, আর্তব।
ঋত্বিক : যাজক, যাজ্ঞিক, যজ্ঞকর্তা, হোমী, হোমক, হোত্রী।
ঋদ্ধ : সমৃদ্ধ, উন্নত, সমৃদ্ধশালী, বিত্তশালী, ঋদ্ধিমান, সমুন্নত।
ঋষভ : ষাঁড়, বলদ, ষণ্ড, বৃষ, বৃষভ, বলীবর্দ, শিববাহন।
ঋষি : বেদমন্ত্র রচয়িতা, শাস্ত্রজ্ঞ তপস্বী, মুনি, যোগী, সাধুপুরুষ, সাধু, সাধক, তাপস।

## এ

একতা : ঐক্য, ঐক্যবদ্ধ, একত্ব, একাত্মতা, মিলন, অভেদ, সংহতি, একীভাব।
একলা : একা, একাকী, সঙ্গীহীন, সঙ্গহীন, মিত্রহীন, বন্ধুহীন, নিঃসঙ্গ, অবান্ধব।
একান্ত : নিতান্ত, অত্যন্ত, খাস, বিশেষ, নির্জন, নিজস্ব, নিভৃত।
এলোকেশী : মুক্তকেশী, মুক্তকেশবিশিষ্ট, মুক্তকেশিন, এলোকেশবিশিষ্ট, আলুলায়িতকেশী।

## ঐ

ঐকান্তিক : একাগ্রে, একান্ত, একনিষ্ঠ, একান্তভাবে, অত্যধিক, নিবিড়, প্রগাঢ়।
ঐক্য : একতা, অভিন্ন, মিল, একত্ব, একাত্মতা, অভেদ, সংহতি, একভাব।
ঐতিহ্য : লোকপ্রসিদ্ধি, কিংবদন্তি, বিশ্রুতি, পরম্পরাগত চিন্তা, পরম্পরাগত বিশ্বাস, ইতিহাসলব্ধ গুণ, জনশ্রুতি।
ঐশ্বর্য : বিত্ত, বিভব, বৈভব, মহিমা, প্রভুত্ব, ধনসম্পত্তি, ধনদৌলত, প্রতিপত্তি।

## ও

ওকালতি : মোক্তারি, উকিলগিরি, মোক্তারগিরি, জজিয়তি, উকিলের কাজ, উকিলের পেশা।
ওজস্বী : বলবান, তেজস্বী, ওজোগুণবিশিষ্ট, পরাক্রমশালী, ঔজসিক, ওজিষ্ঠ, ওজস্বল।
ওঝা : গুনিন, বিষবৈদ্য, বিষচিকিৎসক, জাঙ্গুলিক, রোজা, গারুড়িক, গারুড়ি।
ওঠা : ওপরে চড়া, উত্থান, উত্থিতি, উত্থিত হওয়া, উন্নয়ন, উন্নতি, ঊর্ধ্বগতি, চড়া।

## ঔ

ঔচিত্য : ন্যায্যতা, যথার্থতা, উপযুক্ততা, ঔচিতী, সমীচীনতা, কর্তব্যজ্ঞান।

ঔদার্য : মহানুভবতা, উদারতা, দয়া, উদারচিত্ততা, বদান্যতা, মুক্তমন।

ঔদ্ধত্য : উগ্রতা, দর্প, ধৃষ্টতা, অবিনয়, অশিষ্টতা, দম্ভ, দেমাক, বড়াই, অবিনীত, বেপরোয়া ভাব।

## ক

কটু : বিস্বাদ, তিক্ত, তেতো, কর্কশ, ঝাল, উগ্র, কঠোর।

কঠিন : কঠোর, শক্ত, দৃঢ়, অতরল, নীরস, দুরূহ, দুর্বোধ্য, স্নেহবিহীন, অনমনীয়, কড়া, রুক্ষ, সাংঘাতিক, বজ্রদৃঢ়, জটিল, নিষ্করুণ, নির্দয়, নিষ্ঠুর।

কড়চা : জীবনী, দিনপঞ্জি, দিনলিপি, ইতিবৃত্ত, রোজনামা, রোজনামচা।

কড়া : শক্ত, খর, কঠিন, কঠোর, দৃঢ়, তীব্র, কড়াই, কটু, উগ্র।

কথা : উক্তি, কথন, বাক্য, বাণী, বচন, বাক্, জবান, বুলি, বোল, অঙ্গীকার।

কনক : স্বর্ণ, সোনা, হেম, সুবর্ণ, কাঞ্চন, হিরণ্য, হিরণ, মহাধাতু। [রা. বো. '১৪; সি. বো. '১৫]

কন্যা : মেয়ে, পুত্রকা, পুত্রিকা, পুত্রী, তনয়া, নন্দিনী, দুহিতা, ঝি, ঝিয়ারি, তনুজা, আত্মজা, দারিকা, মাইয়া। [ঢা. বো. '০৮; কু. বো. '০৩]

কপাল : ললাট, অদৃষ্ট, ভাগ্য, ভাল, নিয়তি, বরাত, নসিব, অলিক।

কবুতর : কপোত, পায়রা, পারাবত, রেবতক, লোটন, নোটন, প্রাসাদকুক্কুট। [সি. বো. '০৯; ব. বো. '১০]

কমল : পদ্ম, পঙ্কজ, উৎপল, কুমুদ, শতদল, শতচ্ছদ, অম্বুজ, কৈরব, কুবল, কুবলয়, নলিন, রাজীব, তামরস, পুষ্কর, নলিনী, সরোজ, সরসিজ, সলিলজ, বিসজ, অরবিন্দ, রাত্রিহাস, ইন্দিবর, নীরজ, শতপত্র।

কর : হাত, হস্ত, হস্তিশুণ্ড, রাজস্ব, খাজনা, শুল্ক, কিরণ, প্রভা।

করী : হাতি, মাতঙ্গ, হস্তী, দ্বিপ, দন্তী, গজ।

কর্কশ : খসখসে, খরখরে, শুষ্ক, অমসৃণ, নীরস, নির্মম, কঠোর, নিষ্ঠুর।

কর্তা : পতি, মনিব, মালিক, স্বামী, গৃহস্বামী, প্রভু, নির্মাতা।

কলঙ্ক : অপবাদ, কেলেঙ্কারি, দাগ, মালিন্য, ধাতুমল, মরিচা, দুর্নাম, গ্লানি, কালিমা, আবিলতা, কলুষ।

কলহ : ঝগড়া, বিবাদ, বিরোধ, দ্বন্দ্ব, কোন্দল, কাজিয়া, বচসা, বাদ, বিসংবাদ, ঝগড়াঝাঁটি। [চ. বো. '০১]

কলি : মুকুল, কলিকা, কোরক, কুঁড়ি, পুষ্পমঞ্জরি, গ্যাজ, মৌল।

কল্য : আগামীকাল, পরবর্তী দিবস, পূর্বদিন, বিগত দিবস, গতকাল।

কল্যাণ : শুভ, মঙ্গল, কুশল, হিত, সুখ, সমৃদ্ধি, ঋদ্ধি, সু।

কষ্ট : বেদনা, যন্ত্রণা, দুঃখ, ক্লেশ, মেহনত, আয়াস, পরিশ্রম।

কাঁদা : কান্না, কাঁদন, ক্রন্দন, রোদন, কান্নাকাটি, অশ্রুবর্ষণ, অশ্রুত্যাগ, অশ্রুপাত, ফোঁপানো।

কাক : কাউ, কাউয়া, বায়স, পরভৃৎ, পরপোষক, খর, বলিপুষ্ট, বলিভুক, আত্মঘোষ, বৃক, গৃহবলিভুক।

কাটা : খণ্ডন, খনন, কাটন, কর্তন, ছেদন, বিভাজন।

কাঠমিস্ত্রি : ছুতার, সূত্রধর, তক্ষা, বর্ধকি, ছুতোর, ত্বষ্টা, বাড়ই তক্ষক, তক্ষা।

কান : কর্ণ, শব্দগ্রহ, শ্রবণ, শ্রবণেন্দ্রিয়, শ্রুতি, শ্রবণপথ, শ্রুতিপথ।

কারণ : প্রয়োজন, হেতু, নিমিত্ত, উদ্দেশ্য, হেতুক, উপলক্ষ্য, ব্যপদেশ।

কালো : কৃষ্ণ, কৃষ্ণবর্ণ, শ্যাম, শ্যামল, অসিত, শ্যামবর্ণ।

কিনারা : তীর, তট, কূল, পার্শ্ব, প্রান্ত, পাড়, উপায়, ব্যবস্থা, প্রতিকার।

কিরণ : কর, প্রভা, দীপ্তি, জ্যোতি, অংশু, রশ্মি, আলোকচ্ছটা, বিভা, ভাতি। [ঢা. বো. '০৭; য. বো. '১৫; চ. বো. '১৩]

*কুমির : কুম্ভীর, পিঙ্গাচক্ষু, শঙ্খমুখ, নক্র, মকর, ঘড়িয়াল।*
*কুয়াশা : কুহেলিকা, কুজ্ঝটিকা, নভোরজ, নীহার, হিমিকা, ধূমিকা।*
*কুল : বংশ, গোত্র, গোষ্ঠী, গণ, সমূহ, যূথ, জাতি, বর্ণ, জাত, শ্রেণি।*
*কুহক : মায়া, প্রতারণা, ছলনা, ভেলকি, ইন্দ্রজাল, ভ্রম, আলেয়া, জাদু।*
*কূল : তীর, তীরভূমি, তীরভাগ, তট, তটভূমি, কূলভূমি, বেলা, বেলাভূমি, বালুকাবেলা, সৈকত, ধার, বালুবেলা, কিনারা, পুলিন, পার, পাড়। [য. বো. '০২; ব. বো. '১১]*
*কৃষক : চাষি, কৃষাণ, কিষান, চাষা, কৃষিজীবী, কর্ষক, কৃষীবল, হলধর, হলভৃৎ, হলী, হেলে, ক্ষেত্রপাল, রাইয়ত।*
*কুকুর : শুন, শুনক, সারমেয়, শ্ব, শ্বন, শ্বা, শ্বান, কুত্তা, গ্রামমৃগ, গ্রাম্যমৃগ, গৃহমৃগ, ললজ্জিহ্ব।*
*কৃষ্ণ : কানু, শ্যাম, গোপাল, নীলবর্ণ, বনমালী, কানাই।*
*কেনা : ক্রয়, কেনাকাটা, খরিদ, সওদা করা, বাজার করা।*
*কেশ : চুল, কেশপাশ, কেশদাম, অলক, কুন্তল, কচ, শিরোজ, শিবসিজ, চিকুর। [ঢা. বো. '১৫]*
*কোকিল : পিক, পরভৃত, পরপুষ্ট, অন্যভৃত, কাকপুচ্ছ, কলঘোষ, বসন্তসখা, বসন্তী, বসন্তদূত, মধুবন, মধুঘোষ, কোয়েলিয়া, কলকণ্ঠ, সুধাকণ্ঠ, মধুকণ্ঠ, কাদম্বরী। [ঢা. বো. '১১; রা. বো. '০৪, '১১, '১৩; য. বো. '০১, '০৭, '১০, '১৪; চ. বো. '০৮; কু. বো. '১৪; সি. বো. '০৫; ব. বো. '০৫, '১২; দি. বো. '০৯, '১৪ ]*
*কোন্দল : কলহ, বিবাদ, বিরোধ, ঝগড়া, বিশৃঙ্খলতা, কাজিয়া, কোঁদল।*
*কোপ : রাগ, ক্ষোভ, ক্রোধ, রোষ, অসন্তোষ, বিরাগ, উষ্মা।*
*কৌতূহল : আগ্রহ, উৎসুক্য, ঝোঁক, ঔৎসুক্য, অভিপ্রায়, কুতুহল, উৎকণ্ঠা, ব্যগ্রতা, ব্যাকুলতা, প্রবণতা।*

## খ

*খড়্গ : তরবারি, দা, কাটারি, কর্তরি, কাতি, অসি, দাত্র, ঈলি, রামদা, খাড়, খাঁড়া।*
*খবর : সংবাদ, বার্তা, তত্ত্ব, সন্ধান, সন্দেশ, তথ্য, সমাচার, খবরাখবর, খোঁজখবর, বিবরণ, বৃত্তান্ত, তত্ত্বতালাশ, উদন্ত। [চ. বো. '০১, '০৯; কু. বো. '০৩; য. বো. '০৭; রা. বো. '১১; ব. বো. '১২]*
*খর : তীব্র, তীক্ষ্ণ, প্রখর, প্রবল, ধারালো, কর্কশ, উগ্র, শান, রূঢ়, কঠোর।*
*খর্ব : বেঁটে, ছোটো, খাটো, হ্রস্ব, হীন, ছোট্ট, ক্ষুদ্র।*
*খসা : পড়া, পতন, পড়ন, ধসা, পাত, চ্যুতি, খসন, বিচ্যুতি।*
*খাঁটি : বিশুদ্ধ, নির্ভেজাল, অকৃত্রিম, আসল, সারগর্ভ, পবিত্র, প্রকৃত, যথাযথ, সাচ্চা, আদত।*
*খাটা : পরিশ্রম, খাটনি, খাঁটুনি, খাটাখাটনি, আয়াস, কাজ।*
*খাদ্য : খাবার, আহার্য, অন্ন, ভোজ্য, ভোজনীয়, ভক্ষ্য, ভোজ্যসামগ্রী, ভোজনদ্রব্য, ভোজ্যদ্রব্য, খানা, খাবারদাবার, দানাপানি, রসদ, অন্নজল।*
*খারাপ : মন্দ, দুষ্ট, নষ্ট, অভদ্র, কু, বদ, নিকৃষ্ট, অশ্লীল, রুক্ষ, উগ্র, বিকল।*
*খুব : অতি, প্রচণ্ড, প্রচুর, অত্যন্ত, অতিশয়, অনেক, বেশ, উত্তম, চমৎকার, নিশ্চয়।*
*খেচর : পাখি, পক্ষী, বিহগ, বিহঙ্গ, বিহঙ্গম, দ্বিজ, খগ, খচর, চিরিয়া।*
*খেয়াল : শখ, ইচ্ছা, কল্পনা, স্বপ্ন, হুঁশ, অনুমান, প্রবৃত্তি, স্মরণ, জ্ঞান, ঝোঁক, চেতনা, মরজি, খুশি।*
*খোঁজা : সন্ধান, অন্বেষণ, অন্বেষা, এষণা, অনুসন্ধান, তালাশ, তল্লাশ।*
*খোলসা : মুক্ত, খোলা, খোলাখুলি, উন্মুক্ত, পরিষ্কৃত, অবন্ধ, অবারিত, পরিস্ফুট, অকপট, খালি, উজাড়।*
*খোসা : ছাল, বাকল, খোলস, আবরণ, আস্তরণ, খোলা, চামড়া, চাম।*
*খ্যাতি : সুনাম, নাম, সুবাদ, প্রখ্যাতি, সুযশ, যশ, প্রসিদ্ধি, বিশ্রুতি, সুখ্যাতি, বিখ্যাতি, খুশনাম, নামযশ, নামডাক, নিরুপাখ্য, অভিখ্যা, প্রখ্যা, সুপ্রসিদ্ধি, সুপ্রতিষ্ঠা, নাম হওয়া, প্রচার, প্রসার, হাতযশ, প্রতিপত্তি, প্রতিষ্ঠা।*

NABARUN PUBLICATION

[কু. বো. '০৪]

## গ

গগন : আকাশ, অম্বর, আসমান, নভঃ, ব্যোম, অন্তরিক্ষ।

গঙ্গা : ভাগীরথী, গোমতী, শিবপত্নী, কৃষ্ণবেণী, পিনাকিনী, কাবেরী।

গণ : শ্রেণি, সমূহ, দল, বর্ণ, জনসাধারণ, সমষ্টি, সম্প্রদায়।

গতি : চলন, বেগ, দ্রুততা, গমন, যাত্রা, গম্যতা, গমনশীলতা, সঞ্চলন, চলিষ্ণুতা, চলনশীলতা, জঙ্গমতা, উপায়, ব্যবস্থা, অস্থিতি, অস্থিরিতা, জঙ্গমত্ব, সৃতি, অস্থিরতা, বীতি, ঋতি।

গতিবিধি : চলাফেরা, চলাচল, গমনাগমন, গতায়াত, গতায়তি, আসাযাওয়া।

গভীর : গহন, গম্ভীর, অগাধ, প্রগাঢ়, নিবিড়, অতল, অতলস্পর্শী, অথই।

গর্জন : চিৎকার, শোর, কোলাহল, নিনাদ, রোল, অট্টনাদ।

গলিত : তরলীকৃত, তরলিত, দ্রবীভূত, দ্রবীকৃত, দ্রাবিত, বিগলিত।

গা : অঙ্গ, শরীর, গাত্র, দেহ, তনু, গতর।

গাঁ : গ্রাম, পাড়াগাঁ, পল্লি, পল্লিগ্রাম, দেহাত, পুর, প্রতিবসহা, আয়মাল, ক্ষুদ্র জনপদ।

গাড়ি : শকট, শকটিকা, যান, মোটর, যানবাহন।

গুণ : দক্ষতা, নৈপুণ্য, স্বভাব, সুফল, যোগ্যতা, ধর্ম, প্রকৃতি।

গূঢ় : গোপন, গুপ্ত, দুর্বোধ্য, অপ্রকাশিত, নিগূঢ়, নিভৃত, অজ্ঞাত, সংগুপ্ত, প্রচ্ছন্ন।

গৃহ : ঘর, আলয়, ভবন, নিলয়, নিকেতন, বাড়ি, সদন, আগার, আবাস, বাটি, বাটিকা, গেহ, বাড়িঘর।
[চ. বো. '০২, '১৪; ঢা. বো. '০৪, ০৮; রা. বো. '০১, '০৫; সি. বো. '০৬, ০৮; কু. বো. '০৭; ব. বো. '০৯; য. বো. '০৯, '১১; রা. বো. '১৩]

গোরু : গো, পয়স্বিনী, গাভি, ধেনু, ষাঁড়, বলদ, বৃষ, মূর্খ।

গোলক : গোলা, ভাঁটা, বল, কন্দুক, মার্বেল, মণ্ডল, গুলি, গেন্ডু, গেন্দুক।

গৌরব : সম্মান, মহিমা, গরিমা, গুরুত্ব, মর্যাদা, কদর, গর্ব, মান, সম্ভ্রম।

## ঘ

ঘন : গাঢ়, নিবিড়, গহন, দুর্গম, পুরু, অবিচ্ছিন্ন, ঘোর, সন্নিবিষ্ট, গভীর, জমাট।

ঘর : গৃহ, আবাস, নিলয়, আলয়, নিকেতন, বাড়ি, বাসভবন, ভবন, কুটির, কক্ষ, কামরা, প্রকোষ্ঠ, কুঠি, কুঠরি, কুঠুরি, কুঁড়ে, আশ্রয়, কেবিন, মহল। [দি. বো. '১৫]

ঘরনি : গৃহিণী, স্ত্রী, জায়া, দার, দারা, সহধর্মিণী, বিবি, বেগম, পত্নী, ভার্যা, কর্ত্রী।

ঘূর্ণিঝড় : ঘূর্ণিবায়ু, বাতাবর্ত, ঘূর্ণবাত, ঘূর্ণবায়ু, ঘূর্ণিবাত, সাইক্লোন, আবর্তবাত্যা, ঝটিকাবর্ত, চক্রবাত।

ঘৃণা : অবজ্ঞা, বিতৃষ্ণা, তাচ্ছিল্য, লজ্জাবোধ, অপমানবোধ, বিরাগ, বিদ্বেষ, অশ্রদ্ধা।

ঘোড়া : অশ্ব, ঘোটক, ঘোটকী, তুরগ, তুরঙ্গ, তুরঙ্গম, বাজী, হয়, বাহনশ্রেষ্ঠ, হ্রেষী, মরুদ্রথ। [ব. বো. '১৫]

ঘোর : নেশা, আচ্ছন্নতা, মোহ, নিবিড়, ভয়ংকর, গাঢ়, ঘন, উগ্র, চূড়ান্ত, জড়িমা, আবেশ।

## চ

চক্র : চাকা, চক্কর, ঘুরপাক, আবর্ত, ঘূর্ণি।

চঞ্চল : অস্থির, ব্যাকুল, চপল, কম্পিত, ছটফটে, বিচলিত, অধৈর্য, উতলা।

চতুর : বুদ্ধিমান, ধূর্ত, ঠগ, নিপুণ, কুশল, চালাক, সপ্রতিভ।

চমৎকার : অপূর্ব, অতুলনীয়, অনুপম, অনবদ্য, নিরুপম, নিখুঁত, সর্বাঙ্গসুন্দর।

*চরণ* : *পা, পদ, অঙ্ঘ্রি, ঠ্যাং, বিচরণ, ভ্রমণ, আচরণ, অনুষ্ঠান, পঙ্‌ক্তি।*

*চরিত্র* : *আচরণ, চরিত, জীবনবৃত্তান্ত, কার্যকলাপ, জীবনী, ক্রিয়াকলাপ।*

*চর্ম* : *চামড়া, চাম, জীবদেহের, বহিরাবরণ, গাত্রাবরণ, ছাল, বাকল, ত্বক।*

*চলন* : *চলা, রীতি, গমন, প্রচলন, রেওয়াজ, ভ্রমণ।*

*চাঁদ* : *চন্দ্র, চন্দ্রমা, চন্দ্রক, সোম, শশধর, শশাঙ্ক, শশী, ইন্দু, বিধু, শীতাংশু, সুধাংশু, হিমাংশু, নিশাকর, নিশানাথ, নিশাপতি, নিশাকান্ত, নিশীথিনীনাথ, তারাপতি, তারানাথ, জ্যোৎস্নানাথ, রজনিকান্ত, রাকেশ, সুধাকর, সুধানিধি, সুধাময়, দ্বিজরাজ, ময়ঙ্ক, মৃগাঙ্ক, কৌমুদীপতি।*
*[ঢা. বো. '০০, '০২, '১২; রা. বো. '০৩; চ. বো. '০৪, '১৩; দি. বো. '১১, '১৩; কু. বো. '০৬, '০৮; ব. বো. '০৯, '১৪, '১৫; য. বো. '০০, '০৫, '০৮, '১১]*

*চাটুকার* : *চামচা, মোসাহেব, তোষামুদে, তোষামোদকারী, স্তাবক, কর্তাভজা, ধামাধরা।*

*চারু* : *সুন্দর, সুদর্শন, মনোরম, ললিত, মনোহর, সুকুমার।*

*চিত্র* : *ছবি, আলেখ্য, প্রতিমূর্তি, প্রতিকৃতি, নকশা, তসবির।*

*চিন্তা* : *চিন্তন, মনন, ভাবা, ধ্যান, ভাবন, অনুধাবন, স্মরণ, বিভাবন, অনুচিন্তন, ভাবনা, কল্পনা।*

*চির* : *অনন্ত, আবহমান, নিত্য, সর্বদা, সদা, আজীবন, নিয়ত।*

*চিহ্ন* : *রেখা, দাগ, সংকেত, ছাপ, নিদর্শন, ইশারা, কলঙ্ক।*

*চূড়া* : *শিখর, শীর্ষ, শৃঙ্গ, মুকুট, ঝুঁটি, টিকি, শ্রেষ্ঠ, প্রধান, ভূষণ।*

*চৈতন্য* : *চেতনা, অনুভূতি, সাড়া, হুঁশ, জ্ঞান, সংজ্ঞা।*

*চোখ* : *চক্ষু, অক্ষি, আঁখ, আঁখি, নয়ন, নয়না, নেত্র, লোচন, দর্শন, দর্শনেন্দ্রিয়, দৃষ্টি।*
*[য. বো. '০০, '০১, '০৮, '১৪; কু. বো. '০৮; ব. বো. '১৫; চ. বো. '০৯; সি. বো. '১২]*

## ছ

*ছন্ন* : *প্রচ্ছন্ন, আচ্ছন্ন, আচ্ছাদিত, আচ্ছাদন, লুপ্ত, নষ্ট, অপসারিত।*

*ছবি* : *দীপ্তি, শোভা, কান্তি, আলেখ্য, প্রতিমূর্তি, প্রতিকৃতি, চিত্র।*

*ছল* : *ছলনা, চাতুরী, প্রতারণা, উপলক্ষ্য, ভান, কৌশল, ব্যপদেশ, প্রবঞ্চনা, কপটতা।*

*ছলনা* : *কপটতা, ভণিতা, চাতুরী, ছলন, ন্যাকামি, ছলাকলা, প্রতারণা, শঠতা, ধোঁকা, ছলা।*

*ছাঁচ* : *নমুনা, কাঠামো, সদৃশ্য, ধরন, আদল, অনুরূপ, ফর্মা, মডেল, প্রতিকৃতি, প্রতিমূর্তি।*

*ছাড়া* : *ব্যতীত, বর্জিত, বহির্ভূত, খোলা, পরিত্যক্ত, বঞ্চিত, স্বাধীন, বন্ধনহীন, বদলানো।*

*ছাত্র* : *শিক্ষার্থী, বিদ্যার্থী, শিষ্য, শিক্ষানবিশ, অধ্যয়নকারী, পড়ুয়া, জ্ঞানার্থী।*

*ছেদ* : *ছেদন, খণ্ড, যতি, কর্তন, বিরাম, বিচ্ছেদ, অধ্যায়, পরিচ্ছেদ।*

*ছেলে* : *পুত্র, পুত্রক, নন্দন, তনয়, আত্মজ, পুরুষসন্তান, সুত।*

## জ

*জগৎ* : *পৃথিবী, দুনিয়া, ভুবন, বিশ্ব, সংসার, মরলোক, ধরা, ধরণি, ধরিত্রী, পৃথ্বী, ভূমণ্ডল, মর্ত্য, রাজ্য, বসুমতী, বসুন্ধরা।*
*[রা. বো. '০৯; চ. বো. '১৩; দি. বো. '০৯, '১৩; কু. বো. '১৪; সি. বো. '১৪]*

*জটিল* : *কঠিন, দুর্বোধ্য, ধোঁয়াটে, শক্ত, অবোধ্য, জড়ানো, গোলমেলে, খটমট, প্যাঁচালো, জটাযুক্ত, দুর্বোধ্য।*

*জড়* : *নির্জীব, অচেতন, নিষ্প্রাণ, অজ্ঞান, নির্বোধ, নিষ্ক্রিয়।*

*জন* : *লোক, গণ, মানুষ, ব্যক্তি, কামলা, সমূহ, জনা, মজুর, পথিক।*

*জন্ম* : *সৃষ্টি, উৎপত্তি, উদ্‌ভব, ভূমিষ্ঠ, জনম, আবির্ভাব।*

*জল* : *পানি, অপ, ইরা, ইলা, উদক, সলিল, পয়ঃ, নীর, তোয়, বারি, অম্বু। [সি. বো. '০৭; ব. বো. '১৩; সি. বো. '১৪]*

*জলধি* : *সাগর, বারিধি, দরিয়া, সিন্ধু, সমুদ্র, অর্ণব, পারাবার, পাথার, পয়োধি, সায়র।*

NABARUN PUBLICATION

*[রা. বো. '০; কু. বো. '০৫; চ. বো. '১৩]*

*জলাশয় : পুকুর, দিঘি, সরোবর, কুঁড়, খাতক, জলাধার, জলা।*

*জাত : বংশ, গোত্র, জাতি, গোষ্ঠী, কুল, সঞ্চিত, প্রকার, রক্ষিত, শ্রেষ্ঠ, উৎপন্ন।*

*জেলখানা : জেল, কারা, কারাগার, শ্রীঘর, কয়েদখানা, হাজতখানা, হাবুজখানা, গারদ, ফাটক, বন্দিশালা।*

*জেলে : মৎস্যজীবী, কৈবর্ত, ধীবর, মৎস্যব্যবসায়ী, মাছুয়া, মাঝি, মেছুয়া।*

*জোড়া : যুগল, দুটি, আঁটা, যুক্ত, জোড়, জুড়ি, জুটি, সমকক্ষ।*

*জোর : বল, শক্তি, বলপ্রয়োগ, জবরদস্তি, উচ্চতা, তীব্রতা, দৃঢ়তা, কড়া।*

*জ্ঞান : বোধ, বুদ্ধি, সংজ্ঞা, পাণ্ডিত্য, শিক্ষা, চেতনা, ধারণা, বিবেচনা, উপলব্ধি, অভিজ্ঞতা।*

*জ্যোৎস্না : জোছনা, চাঁদনি, চাঁদের আলো, চন্দ্রকর, চন্দ্রকিরণ, চন্দ্রপ্রভা, চন্দ্রসুধা, চন্দ্রাংশু, চন্দ্রাতপ, চন্দ্রাবলী, চন্দ্রালোক, চন্দ্রিকা, চন্দ্রিমা, অকলঙ্কা, কৌমুদী।*

## ঝ

*ঝংকার : গুঞ্জন, ঝনৎকার, তর্জন, গর্জন, টংকার, ঝনঝনানি, মৃদুধ্বনি।*

*ঝগড়া : বিবাদ, বাদানুবাদ, তর্ক, কলহ, কাজিয়া, বচসা, বিসংবাদ, কোন্দল, ঝগড়াঝাঁটি।*

*ঝঞ্ঝাট : গণ্ডগোল, ঝামেলা, হাঙ্গামা, অশান্তি, লেঠা, বিপত্তি, ফ্যাসাদ, জটিলতা।*

*ঝড় : তুফান, ঝটিকা, ঝঞ্ঝা, বাত্যা, প্রভঞ্জন, ঝড়ি, ঝঞ্ঝাবায়ু।*

*ঝাঁজ : আঁচ, প্রখরতা, উত্তাপ, তাপ, হলকা, ভাপ, ঝলকানি।*

*ঝোঁক : আগ্রহ, আকর্ষণ, পক্ষপাত, প্রভাব, প্রবণতা, টান, ঘোর, শখ, পছন্দ।*

## ট

*টনক : জ্ঞান, হুঁশ, চৈতন্য, বোধ, খেয়াল।*

*টলা : দোলন, দুলুনি, হিন্দোল, দোদুল্যমানতা, নড়া, দ্বিধা, টলন, দোলা।*

*টহল : পাহারা, পায়চারি, পদচারণ, ঘোরাফেরা, পর্যটন।*

*টান : ভালোবাসা, আকর্ষণ, আসক্তি, ঝোঁক, মায়া, মমতা, অভাব, স্নেহ, চাহিদা, খরা।*

*টানা : নিরবচ্ছিন্ন, একনাগাড়ে, বাহিত, অঙ্কিত, সোজা, ছেদহীন, লাগাতার।*

*টিকটিকি : জেঠি, জ্যেষ্ঠী, সরট, গৃহগোধিকা।*

*ট্যাক্স : কর, খাজনা, শুল্ক, মাশুল, টোল, রাজস্ব, তোলা।*

## ঠ

*ঠাকুর : পাচক, ব্রাহ্মণ, দেবতা, প্রতিমা, ঈশ্বর, গুরুজন, দেবমূর্তি।*

*ঠাট্টা : উপহাস, কৌতুক, তামাশা, রসিকতা, পরিহাস, মশকরা, বিদ্রুপ।*

*ঠাহর : ঠাওর, নজর, উপলব্ধি, নিরীক্ষণ, দৃষ্টি, মনোযোগ, নির্ধারণ, নির্ণয়, বোঝা, মালুম।*

*ঠিক : সত্য, ন্যায্য, যথার্থ, নির্ভুল, অভ্রান্ত, প্রকৃত, হক।*

*ঠেকা : স্পর্শ, বিপদ, লাগা, সংকট, ঠেক, ঠেকনা, গরজ।*

*ঠোঁট : ওষ্ঠ, অধর, চঞ্চু, তুণ্ড, দন্তচ্ছদ, অধরোষ্ঠ, উত্তরোষ্ঠ, ওষ্ঠাধর।*

## ড

NABARUN PUBLICATION

ডগা : শীর্ষ, আগা, শিখরদেশ, অগ্রভাগ, চূড়া, শিখর।

ডঙ্কা : জয়ঢাক, প্রমোদধ্বনি, জয়ঝংকার, ঢক্কা, দুন্দুভি, জয়ভেরি, জয়ডঙ্কা, টিকারা।

ডাক : বুলি, শব্দ, ধ্বনি, বচন, চিৎকার, আহ্বান, প্রসিদ্ধি, সম্বোধন, ডাকব্যবস্থা।

ডাকসাইটে : প্রতিপত্তিশালী, মান্য, মান্যবর, প্রভাবশালী, বিখ্যাত।

ডেরা : বাসা, আশ্রয়, কুটির, তাঁবু, বস্ত্রাবাস, আস্তানা।

## ঢ

ঢাকনা : আবরণ, ঢাকা, আচ্ছাদন, সরা, ডালা, ঢাকনি, ঢাকন।

ঢালা : অধঃক্ষেপণ, ঢালন, ঢালানো, নিয়োজন, পাত্তন।

ঢিলা : ঢিলে, উদ্যমহীন, মন্থর, বিলম্বিত, দীর্ঘসূত্রী, হালকা, আলগা, শিথিল, অমনোযোগী।

ঢেউ : ঊর্মি, বীচি, তরঙ্গ, কল্লোল, উল্লোল, হিল্লোল, বীচিমালা, লহর, লহরি, মহাতরঙ্গ, মহোর্মি, জলকল্লোল, তরঙ্গহিল্লোল, দোলা, জোয়ার, তরঙ্গভঙ্গ, ঊর্মিলহরি, তরঙ্গমালা, তরঙ্গলহরি।

[য. বো. '০১; কু. বো. '০৪; ব. বো. '১১; ঢা. বো. '১৪; দি. বো. '১৫]

ঢের : প্রচুর, অনেক, খুব, বেশি, রাশি, স্তূপ, যথেষ্ট, দেদার।

## ত

তট : তীর, কূল, পাড়, কিনার, কিনারা, ধার।

তটিনী : নদী, প্রবাহিণী, সরিৎ, স্রোতস্বিনী, স্রোতঃস্বতী, তরঙ্গিণী।

তৎকাল : সেকাল, পুরাকাল, আদিকাল, সেযুগ, আদ্যিকাল, আদিযুগ।

তত্ত্ব : সত্য, অনুসন্ধান, পদ্ধতি, খোঁজ, তদ্‌বিষয়ক জ্ঞান, স্বরূপ।

তনয়া : দুহিতা, কন্যা, মেয়ে, আত্মজা, পুত্রিকা, স্বজা, সুতা, নন্দিনী, ঝিয়ারি, ঝি, দুলালী।

তপন : সূর্য, রবি, দিনপতি, ভানু, দিবাকর।

তরঙ্গ : ঢেউ, ঊর্মি, বীচি, হিল্লোল, লহর, লহরি।

তর্ক : বিতর্ক, তর্কাতর্কি, তর্কবিতর্ক, কথা কাটাকাটি, প্রতর্ক, বাছবিচার, উত্তর-প্রত্যুত্তর, যুক্তি, বিচার, বাদানুবাদ, বচসা, ন্যায়শাস্ত্র, হেতু, অনুমান, সন্দেহ।

তর্জন : গর্জন, শাসানো, তিরস্কার, ভর্ৎসনা, আস্ফালন, হম্বিতম্বি।

তাঁবু : বস্ত্রকুটিম, বস্ত্রগৃহ, বস্ত্রাবাস, শিবির, ছাউনি।

তাক : নিশানা, নজর, খোঁজ, অনুমান, লক্ষ্য, খুপরি।

তির : বাণ, শর, ইষু, কলম্ব, বাজী, শায়ক, শিলীমুখ, কাদম্ব।

তীর : তট, পুলিন, সৈকত, কূল, কিনার, আশ্রয়, অবধি, ধার, পাড়, শর।

তুষার : বরফ, তুহিন, হিম, হিমানী, নীহার, পালা, শিশির, হিমশিলা, শীতল।

তৃষ্ণা : তিয়াস, তেষ্টা, তৃষা, পানেচ্ছা, পিপাসা, আকাঙ্ক্ষা, পিয়াস, পিয়াসা, উদন্যা।

তৈরি : গঠন, গড়া, নির্মাণ, বানানো, প্রস্তুত, তৈয়ারি।

## থ

থই : কূল, আশ্রয়, ঠাঁই, গভীরতা, স্থলভাগ, সীমা।

থলে : থলিয়া, বস্তা, বোরা, ঝোলা, ঝুলি, গোণী, ছালা, আধার।

থাকা : থাকন, রওয়া, স্থিতি, বিদ্যমানতা, অবস্থান।

থামা : বিরতি, রোখা, গতিহীনতা, মুলতুবি, ধামাচাপা।

থোকা : গুচ্ছ, গোছা, রাশি, স্তবক, মালা, থলো, থোক, আঁটি।

দ

দক্ষ : পটু, কুশল, কর্মঠ, সুনিপুণ, নিপুণ, কর্মণ্য, পারদর্শী।
দক্ষিণ : ডান, উদার, অবাক, অবাচী, অনুকূল, উত্তরের বিপরীত দিক।
দখল : অধিকৃত, অধিকার, অধিকারভুক্ত, ব্যুৎপত্তি, জ্ঞান, কর্তৃত্ব, পটুতা, অধীনতা, অধিকারী, আয়ত্ত।
দগ্ধ : পোড়া, উত্তপ্ত, সন্তপ্ত, তাপিত।
দণ্ড : লাঠি, কাঠি, ছড়ি, শাস্তি, সাজা, জরিমানা, খেসারত, ডান্ডা, যষ্টি, দাঁড়।
দফতর : অফিস, দপ্তরখানা, কার্যালয়, সেরেস্তা, আপিস, কর্মস্থল, কাচারি।
দফা : কিস্তি, বার, পালা, ক্ষেপ, অবস্থা, গতিক।
দয়া : করুণা, কৃপা, অনুগ্রহ, অনুকম্পা, ক্ষমা, বদান্যতা।
দরদ : টান, দয়া, বেদনা, মমতা, সমবেদনা, সহানুভূতি, ব্যথা, আকর্ষণ।
দরিদ্র : গরিব, নির্ধন, বিত্তহীন, নির্বিত্ত, দীন, অসহায়, সহায়সম্বলহীন।
দর্প : বড়াই, গর্ব, ফুটানি, দম্ভ, দম্ফ, ঈর্ষা, আত্মশ্লাঘা, অহংকার।
দলিল : নথি, নথিপত্র, কাগজপত্র, দস্তাবেজ, পাট্টা।
দান : অর্পণ, সম্প্রদান, উৎসর্গ, প্রদান, ত্যাগ, সমর্পণ, বিতরণ, দেওয়া।
দাস : ভৃত্য, চাকর, গোলাম, ক্রীতদাস, অধীন, অনুগত, আজ্ঞাবহ, জেলে, কৈবর্ত, নফর।
দাহ : দহন, জ্বালা, পোড়া, জ্বলন, সৎকার।
দিন : বার, রোজ, দিবস, দিবা, অহ, অহ্ন, অহন, দিনমান, অষ্টপ্রহর, আটপ্রহর। [রা. বো. '০১]
দীন : অভাবগ্রস্ত, দরিদ্র, কাতর, হীন, অসহায়, গরিব, দুস্থ, দুঃখী, করুণ।
দীপক : দীপ্তিকর, প্রকাশক, উদ্দীপক, উত্তেজক, প্রদীপ, দীপ্তিদায়ক, শোভাকর।
দীপ্তি : আলোক, দ্যুতি, প্রভা, ময়ূখ, জ্যোতি, শোভা, তেজ।
দুঃখ : কষ্ট, ক্লেশ, যন্ত্রণা, দুখ, যাতনা, ব্যথা, বেদনা, অন্তর্বেদনা, মর্মপীড়া, হৃদয়জ্বালা, অন্তর্জ্বাল, মর্মযন্ত্রণা, মর্মজ্বালা, মনঃকষ্ট, মনোবেদনা, মনোব্যথা, মর্মব্যথা, মনস্তাপ।
দুঃশাসন : কুশাসন, অপশাসন, অন্যায় শাসন, কুরুবংশীয় ধৃতরাষ্ট্রের পুত্র।
দুষ্ট : অসৎ, মন্দ, দূষিত, দোষযুক্ত, অশুভ, অশান্ত, দুরন্ত, অসাধু।
দৃঢ় : শক্ত, আঁট, মজবুত, পোক্ত, অকম্প, স্থির, কঠিন, কঠোর, বলিষ্ঠ, অবিচলিত, অটল।
দেবতা : অমর, অজয়, সুর, ঠাকুর, দেব, ত্রিদশ, ঈশ্বর, অধিপতি।
দেবালয় : মন্দির, মণ্ডপ, ধর্মালয়, দেবগৃহ, দেউল, দেবায়তন, দেবস্থান, ধর্মগৃহ।
দেহ : অঙ্গ, গা, গাত্র, কায়া, কলেবর, বপু, গতর, দেহ, দেহপিঞ্জর, তনু, শরীর। [রা. বো. '০১]
দৈন্য : দীনতা, দারিদ্র্য, অভাব, অনুদারতা, হীনতা, কাতরতা।
দোকান : বিপণি, পণ্যমালা, পসার, আপণ, পণ্যবিচিত্রা, পণ্যগৃহ।

ধ

ধন : বিত্ত, অর্থ, সম্পদ, বিভব, টাকা-পয়সা, নিধি, ঐশ্বর্য, সম্পত্তি, বিভূতি, টাকাকড়ি, বৈভব।
ধনিক : ধনী, ধনশালী, মহাজন, ধনবান, সম্পদশালী, পুঁজিপতি।
ধবল : সাদা, শ্বেত, শুভ্র, শুক্ল, সিত, ধলা, সফেদ।
ধরণি : পৃথিবী, ভুবন, জগৎ, অবনি, বসুমতি, ধরিত্রী, মহি, ক্ষিতি, বসুন্ধরা, বসুধা, ধরা।
ধরা : ধারণ করা, হাত দেওয়া, ছোঁয়া, স্পর্শ করা, পৃথিবী, ধরণি, ধরিত্রী, জগৎ, আঁকড়ানো, পাকড়ানো, হস্তগত।
ধর্ম : সৎকর্ম, পুণ্যকর্ম, কর্তব্যকর্ম, রীতি, স্বভাব, আচরণবিধি, হিতকর, পুণ্য, ধরম, সদাচার।

ধারা : ঝরনা, প্রবাহ, নির্ঝর, স্রাব, বারি, অশ্রু, প্রস্রবণ, শৃঙ্খলা, নিয়মরীতি, ধরন, রকম।
ধীর : শান্ত, নম্র, অচঞ্চল, মন্থর, শ্লথ, মৃদু, বিবেচক।
ধৈর্য : সহন, অপেক্ষা, স্থৈর্য, একাগ্রতা, ধীরতা, স্থিরতা, সহিষ্ণুতা।
ধ্বংস : বিনাশ, নাশ, প্রলয়, উচ্ছেদ, বধ, অপচয়, সংহার, বিলোপ, বিধ্বংস, কেয়ামত।

## ন

নজর : দৃষ্টি, খেয়াল, মনোবৃত্তি, মনোভাব, লক্ষ, মনোযোগ, তত্ত্বাবধান, অভিনিবেশ, সুদৃষ্টি, লুব্ধদৃষ্টি, কৃপাদৃষ্টি, করুণা।
নদী : নদ, নদী, তটিনী, প্রবাহিণী, তরঙ্গিণী, শৈবালিনী, স্রোতস্বিনী, স্রোতঃস্বতী, নির্ঝরিণী, দরিয়া, গাং, সরিৎ, সমুদ্রকান্তা, সমুদ্রদয়িতা, স্রোতোবহা, মন্দাকিনী, স্রোতোবহ, কল্লোলিনী।
[ঢা. বো. '০১, '০৫, '০৮, '১১; রা. বো. '১২, '১৫; য. বো. '০২, '০৮, '১১; কু. বো. '০৫, '০৭; চ. বো. '০৮, '১০; সি. বো. '০১, '০৩, '০৫; ব. বো. '০৭; দি. বো. '০৯]
নবীন : নব্য, নব, নূতন, নয়া, আধুনিক, নতুন, তাজা, তরুণ, সদ্যোজাত, টাটকা, নবজাত।
নম্র : শান্ত, ভদ্র, শিষ্ট, বিনয়ী, বিনয়াবনত, কোমল, নরম।
নর : মানব, মানুষ, মনুষ্য, লোক, জন, পুরুষ, মরদ, মর্দ, নৃ।
নরম : কোমল, নম্র, স্নেহার্দ্র, শান্ত, অকঠিন, ভাবপ্রবণ, মৃদু, দয়া, স্নেহ, দয়ার্দ্র, অনুকূল, অনুগ্র, শিথিল, অপ্রবল, অদৃঢ়, অকঠোর।
নাড়া : নড়ানো, ঝাঁকানি, বিচালন, দোলায়িত করা, ঘাঁটা, স্থান পরিবর্তন, ঝাঁকুনি, সঞ্চালন, আন্দোলন।
নাম : পরিচয়, উল্লেখ, অভিধা, খ্যাতি, আখ্যা, মর্যাদা, সংজ্ঞা, স্মরণ।
নারী : স্ত্রী, স্ত্রীলোক, মেয়ে, মহিলা, আওরত, রমণী, রমা, রামা, বামা, অবলা, মেয়েমানুষ, মেয়েছেলে, ললনা, অঙ্গনা, মানবী, কামিনী, জেনানা, জনি, বালা, প্রমদা, যোষিৎ, যোষিতা, যোষা, বনিতা, ভামিনী, শর্বরী, প্রতীপদর্শিনী।[ঢা. বো. '০২; ব. বো. '০৪; সি. বো. '০৬; য. বো. '০১, '১০; দি. বো. '০৯, '১৩; চ. বো. '০৪, '০৯; রা. বো. '০৪, '১২, '১৪]
নাশ : ধ্বংস, শেষ, বিনাশ, ক্ষয়, ভস্ম।
নিক্তি : দাঁড়িপাল্লা, পরিমাপদণ্ড, তুলা, তুল, তরাজু, তুলাদণ্ড, তুলাধট, তুলাধার, তুলাযন্ত্র, তৌল, তৌলদণ্ড, কাঁটা, ধাড়া।
নিগ্রহ : নিপীড়ন, লাঞ্ছনা, দমন, নিরোধ, অত্যাচার, কষ্ট, পীড়ন, দণ্ড।
নিজ : আপন, আপনি, সব, স্বয়ং, স্বীয়, অহং, নিজস্ব, ব্যক্তিগত, স্বকীয়।
নিত্য : সর্বদা, অক্ষয়, সতত, প্রাত্যহিক, চিরস্থায়ী, নিরন্তর, রোজ, প্রত্যহ, অনন্ত, চির, নিয়মিত।
নিদর্শন : প্রমাণ, উল্লেখ, উদাহরণ, দৃষ্টান্ত, চিহ্ন, অভিজ্ঞান।
নিদ্রা : বিশ্রাম, ঘুম, অসাড়, রাতের অবসাদ, সুপ্তি, নিদ, তন্দ্রা, নিষুপ্তি, সুষুপ্তি।
নিয়ম : বিধি, বিধান, প্রথা, শৃঙ্খলা, ব্যবস্থা, নির্দেশ, আইন, প্রণালি, সূত্র, ধারা, পদ্ধতি।
নিরস্ত : নিবৃত্ত, নিরাকৃত, নিবারিত, বিরত, দূরীকৃত, ক্ষান্ত, দূরীভূত।
নূপুর : ঘুঙুর, ঘর্ঘরী, শিঞ্জিনী, কিঙ্কিণি, কঙ্কণী।

## প

পক্ষ : তরফ, দিক, পাখা, ডানা, পালক, দল, মাসার্ধ, চন্দ্রের ক্ষয়-বৃদ্ধিকাল, সহায়।
পণ্ডিত : বিদ্বান, প্রাজ্ঞ, জ্ঞানী, সুধী, বিজ্ঞ, বুধ, বিচক্ষণ, মনীষী, বিশারদ।
পতন : ধ্বংস, অবনতি, স্খলন, পাত, পড়া, অধোগতি।
পতাকা : ঝাণ্ডা, কেতন, কেতু, নিশান, ধ্বজ, ধ্বজপট, ধ্বজা, বৈজয়ন্তী। [কু. বো. '১৪]
পত্তন : নগর, বুনিয়াদ, পট্টন, নির্মাণ, প্রতিষ্ঠা, আরম্ভ, স্থাপন, সন্নিবেশ, ভিত্তি।
পত্নী : বউ, জায়া, ভার্যা, সহধর্মিণী, জীবনসাথি, স্ত্রী।

পথ : রাস্তা, সরণি, সড়ক, রাহা, মার্গ, নিগম, বাট, অয়ন।

পথিক : পথচারী, পান্থ, পর্যটক, পথে চলাচলকারী, পন্থিক।

পদ্ম : পঙ্কজ, কমল, উৎপল, কুমুদ, শতদল, অম্বুজ, কুবল, কুবলয়, নলিন, পুষ্কর, নলিনী, সরোজ, সরসিজ, সলিলজ, বিসজ, অরবিন্দ, রাত্রিহাস, ইন্দিবর, নীরজ, শতপত্র। [ঢা., কু., য. বো. '০০; চ. বো. '০২; ব. বো. '০৪; সি. বো. '০৬; ঢা. বো. '০৭; রা. বো. '০৯, '১৪; য. বো. '১৩; দি. বো. '১৫]

পবন : বায়ু, বাতাস, হাওয়া, সমীর, সমীরণ, অনিল, মরুৎ, মলয়, মারুত, বাত, বায়, পবমান, সদাগতি, গন্ধবহ, গন্ধবাহ, নভঃশ্বাস, অগ্নিসখ, বহ্নিসখ, জগৎপ্রাণ, জগতায়ু, জগদ্বল, প্রভঞ্জন, শব্দবহ। [চ. বো. '১৫]

পরম : প্রধান, অত্যন্ত, প্রকৃত, সর্বাতীত, শ্রেষ্ঠ, চরম, মহৎ, চূড়ান্ত, ধ্রুব।

পরাগ : রেণু, ফুলের রেণু, পুষ্পরজ, চূর্ণ, গন্ধদ্রব্যচূর্ণ।

পরিবর্তন : বদল, বদলানো, পালটানো, রূপান্তর, প্রকারান্তর, রদবদল, অদলবদল, হেরফের, বিনিময়, সংশোধন, সংস্কার, ওলটপালট।

পর্বত : গিরি, শৈল, পাহাড়, অদ্রি, ভূধর, মহীধর, নগ, অচল, শৃঙ্গধর, গিরিরাজ, অগ, নগাধিরাজ, ক্ষিতিধর, ক্ষিতিভৃৎ, বলাহক, মেদিনীধর, পৃথিবীধর, পৃথ্বীধর, অবনিধর, ধরণিধর, ধরাধর, বসুধাধর। [রা. বো. '০১, '০৬, '০৪, '১৩; সি. বো. '০৬, '১২; ব. বো. '০৭; ঢা. বো. '০৫, '০৭, '০৮, '১১, '১৪; য. বো. '০২, '১০; চ. বো. '১১, '১৫; দি. বো. '১১, '১৩]

পর্যটক : ভ্রমিক, ভ্রামণিক, যে ভ্রমণ করে, পথিক।

পল্লব : পাতা, পত্র, কিশলয়, পর্ণ, বিটপ, নবপত্র।

পাখি : বিহগ, বিহঙ্গ, বিহঙ্গম, শকুন্ত, খগ, দ্বিজ, অন্ডজ, খেচর, পক্ষী, পতগ, পত্রী, পক্ষধর, চিড়িয়া, পাখপাখালি। [কু. বো. '০০; সি. বো. '০৭, '১৪; চ. বো. '১১; ঢা. বো. '১২; দি. বো. '১২; য. বো. '০০, '০৫, '১৩; ব. বো. '১৪; রা. বো. '১৪]

পাত্র : আধার, বাসন, অমাত্য, আস্পদ, বর, ভাজন, বিষয়।

পাথর : শিলা, শিল, পাষাণ, প্রস্তর, উপল, অশ্ম, দৃশদ, কাঁকর, কঙ্কর। [য. বো. '১৫; চ. বো. '০০, '০২; ব. বো. '০১; ঢা. বো. '০৯]

পাথার : সমুদ্র, সাগর, সায়র, সিন্ধু, দরিয়া, পারাবার, বারীশ, অর্ণব, প্রচেতা, সরিৎপতি, রত্নাকর, পারাবার, সমুদ্দুর, পয়োধি, অম্বুধি, জলেন্দ্র, অকূপার, অকূল, অকূলপাথার, জলেশ্বর, জলারণ্য, জলধর, বারিধর, নদীকান্ত, রত্নগর্ভ, নীলাম্বু, ধরণিপ্লব, ঊর্মিমালী, মকরালয়, মকরাকর, জলধি, বারিধি, নীরধি, তোয়ধি, তোয়রাশি, অম্বুনিধি, জলনিধি, তোয়নিধি, নীরনিধি, বারিনিধি, জলাধিপ, বারীন্দ্র, ইরাবান। [য. বো. '১৫; কু. বো. '০৫]

পান : নাগলতা, নাগবল্লরী, অম্বুললতা, তাম্বুল, নাগবল্লী।

পানি : জল, অম্বু, অপ, নীর, বারি, সলিল, উদক, উদ, তোয়, প্রাণদ, ইরা, ইলা, পুষ্কর, জীবন। [রা. বো. '০৩; কু. বো. '০৫; ব. ও য. বো. '০৯]

পাপ : অনাচার, অধর্ম, কুকর্ম, আপদ, গুনাহ, দুষ্কৃতি, ধর্মবিরুদ্ধ কাজ, কলুষ, পাতক।

পামর : পাপিষ্ঠ, নরাধম, মূর্খ, হীন, নীচ।

পারিজাত : দেবতরু, স্বর্গীয় ফুল, সৌন্দর্য, সুগন্ধী।

পিতা : জনক, জন্মদাতা, জন্মদ, বাবা, আব্বা, পিতৃ, বাপ।

পুণ্য : সৎকর্ম, সওয়াব, সুকৃতি, সৎকার্য, ধর্ম, সৎকর্মের ফল, পবিত্র, ধর্মানুষ্ঠান, শ্রেয়।

পুত্র : ছেলে, খোকা, আত্মজ, নন্দন, দুলাল, সুত, তনয়, আত্মোদ্ভব, তনূদ্ভব, তনুজ, স্বজ, দারক, কুমার, পুত্রক, পুত, লেড়কা, ছেলিয়া, পো, পুলে, পোলা, পোতক, বেটা, কোঙর। [চ. বো. '০০; রা. বো. '০৪; ঢা. বো. '০৬; য. বো. '১০]

পুষ্প : কুসুম, ফুল, প্রসূন, মঞ্জরি, রঙ্গান, সুমন, পুষ্পক।

পূর্ণ : পুরা, ভর্তি, সিদ্ধ, সম্পূর্ণ, সফল, সমাপ্ত, অখণ্ড।

NABARUN PUBLICATION

পৃথিবী : বসুধা, বসুন্ধরা, বসুমতি, ভূ, জগৎ, অবনি, ধরণি, ধরা, ধরিত্রী, মহি, মেদিনী, মধুজা, ক্ষিতি, বিশ্ব, ভুবন, ইরা, ইলা, ধরাতল, ধরাধাম, বসুমাতা, ভূমণ্ডল, মর্ত্য, মরজগৎ, নশ্বর জগৎ, ভূতল, পৃথ্বী, দুনিয়া, গোত্রা, জাহান।[রা. বো., চ. বো. ও সি. বো. '০১, '১৫; ঢা. বো. '০২; রা. বো. '০১, '০৩, '০৫, '১১; দি. বো. '১১; ঢা. ও ব. বো. '০৬; য. বো. '০৭, '১৫; ঢা. ও সি. বো. '০৭; ব. ও চ. বো. '০৮; কু. বো. '০২, '০৯, '১১]

পেলব : নরম, কোমল, কৃশ, মৃদু, লঘু, ভঙ্গুর, ক্ষীণ, সুন্দর, নিপুণ, মোলায়েম।

পেষণ : পিষা, মর্দন, দলন, বাটা, চূর্ণন।

প্রকৃতি : স্বভাব, চরিত্র, ধর্ম, নিসর্গ, বাহ্যজগৎ, মায়া, আদ্যশক্তি।

প্রত্যক্ষ : ইন্দ্রিয়গম্য, জ্ঞানগম্য, বোধগম্য, ইন্দ্রিয়গ্রাহ্য।

প্রবৃত্তি : প্রবণতা, অভিরুচি, স্পৃহা, চেষ্টা, আকাঙ্ক্ষা, ইচ্ছা, ব্যাপৃত, নিয়োগ।

প্রভু : মনিব, ভগবান, ঈশ্বর, স্বামী, রাজা, কর্তা, অধিপতি, কর্তৃত্ব।

প্রভৃতি : ইত্যাদি, প্রমুখ, এইসব, এসব, সমূহ, এই প্রকার।

## ফ

ফণী : সর্প, সাপ, ভুজগ, ভুজঙ্গ, ভুজঙ্গম, অহি, উড়গ, পন্নগ, নাগ, আশীবিষ।

ফাঁক : অন্তর, ব্যবধান, অনাবৃত, অংশ, অবকাশ, অবসর, বাদ, তফাত, শূন্য, ছিদ্র, ফাটল, খালি।

ফাঁকা : নির্জন, শূন্য, জনহীন, খোলা, উন্মুক্ত, অনাবৃত, খালি, অসার, মিথ্যা।

ফাঁকি : ধোঁকা, ধাপ্পা, অবহেলা, প্রতারণা, অযত্ন, বঞ্চনা, ঠকামি, ছলনা।

ফাটা : চিড়, ছিদ্র, আঘাত, বিদারণ, বিদীর্ণ।

ফুল : কুসুম, প্রসূন, পুষ্প, রঙ্গন, গুল, তরুরাগ, মুকুন্দ, রঙ্গনা।

ফের : পুনরায়, আবার, তফাত, বিঘ্ন, পার্থক্য, সংকট, বদল, পরিবর্তন, বিপদ, বন্ধন।

ফেলা : পতিত করা, শেষ করা, নিক্ষেপ করা, পরিত্যক্ত, বাদ।

ফোটা : প্রস্ফুটিত হওয়া, খোলা, ব্যক্ত হওয়া, বিকশিত হওয়া, উন্মুক্ত হওয়া, বিদ্ধ হওয়া, ফেঁপে ওঠা, বিস্ফোরিত হওয়া।

## ব

বজ্র : বাজ, কুলিশ, বজ্রপাত, ইন্দ্রায়ুধ, ঠাটা, ঝঞ্ঝনা, অশনি, দম্ভোলি, শম্ব, বিদ্যুৎ, প্রকাশ।

বড়ো : জ্যেষ্ঠ, ধনী, শ্রেষ্ঠ, সম্ভ্রান্ত, শীর্ষ, বৃহৎ, উচ্চ, মহৎ, উদার, প্রকাণ্ড, দীর্ঘ, লম্বা, প্রশস্ত।

বদ : মন্দ, দুষ্ট, অসৎ, খারাপ, অসাধু, নিকৃষ্ট, অশিষ্ট, বিশ্রী, নষ্ট, পাজি।

বধির : কালা, শ্রবণকালা, কল্লু, বয়রা।

বন : অরণ্য, কুঞ্জ, কান্তার, বিপিন, অটবি, জঙ্গল, বনানী, কানন, অরণ্যানী, বনজঙ্গল, দাব, বনী, বনবাদাড়, বাদাড়, বনভূমি, বনাঞ্চল, ঝোপজঙ্গল, ঝোপঝাড়, ঝোপ, ঝোপঝাটি। [ব. বো. '০১; য. বো. '০১, '০৩; ঢা. বো. '০৯; দি. বো. '১৩]

বন্ধ : বাঁধন, আবেষ্টন, আবৃত, রহিত, অবরোধ, গ্রথন, রচনা, ছুটি, বাঁধা, আবদ্ধ, রুদ্ধ।

বন্ধু : মিত্র, সখা, মিতা, সুহৃৎ, বান্ধব, দোস্ত, ইয়ার। [চ. বো. '১১]

বন্ধুত্ব : সখ্য, বন্ধুতা, মিত্রতা, হৃদ্যতা, অন্তরঙ্গতা, মৈত্রী, সৌহার্দ, সখিত্ব, মিতালি, দোস্তি।

বন্যা : প্লাবন, জলোচ্ছ্বাস, বান, জলস্ফীতি, আপ্লাব, প্লাব, বিপ্লাব, সমপ্লাব, আপ্লাবন। [রা. বো.'০৫]

বর : আশীর্বাদ, জামাই, উত্তম, শ্রেষ্ঠ, পতি, পাত্র, ঈপ্সিত, অভীষ্ট, স্বামী।

বর্শা : বল্লম, সড়কি, বর্চা, শূল, কোঁচ।

বল : সহায়, জোর, ক্ষমতা, শক্তি, সামর্থ্য।

বলা : কথন, কহা, জানানো, ডাকা, উল্লেখ করা, জ্ঞাপন, বর্ণন, সম্মতি দেওয়া, কথোপকথন।

বশ : অধীন, অধীনতা, আয়ত্ত, ইচ্ছানুবর্তিতা, মোহিত, মোহাবিষ্ট, বশীভূত, অনুগত, আজ্ঞাধীন।

বসন্ত : মধুকাল, মধুমাস, ঋতুরাজ, ঋতুপতি, কুসুমাকর, পুষ্পমাস, পুষ্পাগম, মাধব, হিমান্ত, চৈত্রমাস।
বসা : উপবেশন, আসন গ্রহণ, স্থাপিত, আরম্ভ হওয়া, নিবিষ্ট হওয়া, প্রতিষ্ঠিত হওয়া, জমাট বাঁধা।
বস্ত্র : বসন, বাস, পরিধেয়, কাপড়, পরিচ্ছদ, পোশাক, আচ্ছাদন।
বহু : অনেক, প্রচুর, অধিক, যথেষ্ট, একাধিক, বেশি।
বাঁচা : প্রাণধারণ করা, জীবিত থাকা, রক্ষা পাওয়া, নিষ্কৃতি বা পরিত্রাণ পাওয়া, উদ্বৃত্ত হওয়া, বজায় থাকা, রক্ষিত হওয়া।
বাঁদর : বানর, মর্কট, শাখামৃগ, বৃক্ষচর।
বাঁধা : বন্ধন করা, আবদ্ধ করা, আটকানো, রোধ করা, সংহত হওয়া, শক্ত করা।
বাছা : বাছাই করা, পৃথক করা, নির্বাচন করা, বাদ দেওয়া, পছন্দ করা।
বাজ : শ্যেন, সেচান, বাজবহরি, বাজবৈরি, ঈগল, কপোতারি।
বাণী : শব্দ, ভাষা, উক্তি, ভাষণ, ইরা, ইলা।
বাতাস : বায়ু, হাওয়া, পবন, সমীর, সমীরণ, অনিল, মরুৎ, মলয়, মারুত, বাত, বায়, পবমান, সদাগতি, গন্ধবহ, গন্ধবাহ, নভঃশ্বাস, অগ্নিসখ, বহ্নিসখ, জগৎপ্রাণ, জগতায়ু, জগদ্বল, প্রভঞ্জন, শব্দবহ।
[কু. ও য. বো. '০২; ঢা. বো. '০৪; সি. বো. '০৩, '০৫, সি. বো. '১৫; রা. বো. '০৬; য. বো. '০৭; ঢা. ও সি. ও চ. বো. '০৮; দি. বো. '০৯; চ. বো. '০৪, '১০; ব. বো. '১০, '১৩, '১৪; দি. বো. '১৩]
বাস্তু : বাসস্থান, বাসগৃহ, বাসা, বাসভূমি, আবাস, ভিটা।
বিকল্প : বিকল্প ব্যবস্থা, সংশয়, বিভিন্ন কল্পনা, পক্ষান্তরে, সন্দেহ, পরিবর্তে কল্পনা, বিপরীত কল্পনা।
বিকার : অস্বাভাবিক পরিবর্তন, অস্বাভাবিক অবস্থা, বৈগুণ্য, স্বাস্থ্যহীনতা, অসুস্থতা, ব্যাধি, বিকৃতি, পচন, রূপান্তর, রূপবদল।
বিচক্ষণ : দূরদর্শী, বহুদর্শী, বিশদদর্শী, দক্ষ, সুবিবেচক, পণ্ডিত, জ্ঞানী, বিদ্বান, কার্যদক্ষ, কুশল, অভিজ্ঞ, কর্মদক্ষ।
বিচার : বিবেচনা, গবেষণা, মীমাংসা, সিদ্ধান্তে উপনীত হওয়া, যুক্তিপ্রয়োগ, তত্ত্বনির্ণয়, নিষ্পত্তি, আলোচনা, তর্ক-বিতর্ক।
বিচিত্র : বিভিন্ন, রকমফের, নানারকম, রকমারি, হরেকরকম, বহুবিধ, বিবিধ, হরেক, নানা।
বিদ্বেষ : শত্রুতা, বৈরিতা, হিংসা, অসূয়া, শত্রুতাসাধন, ঈর্ষা।
বিদ্যুৎ : বিজলি, তড়িৎ, চপলা, চঞ্চলা, অশনি, ক্ষণপ্রভা, অণুপ্রভা, শম্পা, সৌদামিনী, দামিনী, ইরম্মদ, অনুভা।
[য. বো. '০৯; রা. বো. '০৬, '১০; ঢা. বো. '১২; কু. বো. '১৩]
বিধি : নিয়ম, আইন, বিধান, পদ্ধতি, উপায়, ব্যবস্থা, ঈশ্বর।
বিফল : নিষ্ফল, নিরর্থক, বৃথা, অকৃতকার্য, ব্যর্থ, ফলহীন।
বিবাহ : বিয়ে, পরিণয়, পাণিগ্রহণ, পাণিপীড়ন, উদ্‌বাহ, নিকা, শাদি, দারকর্ম, দারগ্রহণ, নিকাহ, পাণিবন্ধ।
বিয়োগ : মৃত্যু, বিরহ, বিয়োজন, অভাব, ব্যবকলন, বাদ, বিচ্ছেদ।
বিরক্ত : অপ্রসন্ন, বিরূপ, বিমুখ, ক্ষুব্ধ, আসক্তিহীন, বীতস্পৃহ, বিদ্বিষ্ট, উদাসীন, অনুরাগশূন্য, বিরাগী, নিঃস্পৃহ, অনুরক্তহীন, অসন্তুষ্ট।
বিরাগ : বিদ্বেষ, বিরক্তি, বিমুখতা, ঔদাসীন্য, বৈমুখ্য, বিরূপতা।
বিলাস : সুখভোগ, শৌখিনতা, লীলা, বাবুগিরি, কেলি, বিহার, প্রমোদ।
বিশৃঙ্খল : অনিয়ম, অরাজক, অবিন্যস্ত, অবিন্যাস, লন্ডভন্ড, বিপর্যস্ত, শৃঙ্খলাহীন, গোলমাল, অব্যবস্থা।
বৃক্ষ : গাছ, তরু, উদ্ভিদ, অটবি, বিটপী, মহীরুহ, দ্রুম, শাখী, পাদপ, পর্ণী, গাছপালা, শিখরী, পল্লবী।
[ঢা. বো. '০৭, '১১; য. বো. '০৬, '০৮; রা. বো. '১০, '১২, '১৪; চ. বো. '১১; সি. বো. '১৩; কু. বো. '১৪]
বৃহৎ : বিশাল, মস্ত, বিপুলাকার, প্রকাণ্ড, বিরাট, অতিকায়, বড়ো, বিপুল।
বেঁটে : খাটো, বামন, খর্ব, খর্বকায়, খর্বশাখ, খর্বাকৃতি, হ্রস্ব, বর্ঠ, বাটুল।

## ভ

ভগ্ন : ভাঙা, খণ্ডিত, চূর্ণীকৃত, দুমড়ানো, কুঞ্চিত, অবসন্ন, ছিন্ন, নষ্ট।
ভগ্নী : বোন, ভগিনী, সহোদরা, স্বসা, বহিন।
ভজন : দেবতার মহিমা গান, প্রশংসা করা, আরাধনা, সেবা, গুণকীর্তন।

ভয় : শঙ্কা, ত্রাস, ভীতি, ডর, ভয়ডর, অভিশঙ্কা, আতঙ্ক, তরাস, ত্রসন, আঁতকে ওঠা, আঁতকানো, শিহরন, খতর, খতরা, ঘাবড়ানি, দুরদুরানি, দুরদুর, হৃৎকম্প। [কু. বো. '০৪, '১৩; রা. বো. '১১, '১২, '১৩]

ভয়ানক : ভয়াবহ, ভয়ংকর, খুব, ভীষণ, অত্যন্ত, ভীতিজনক।

ভাই : ভ্রাতা, ভাইয়া, সহোদর, একোদর, সগর্ভ, সমানোদর্য, একজ, সোদর, ভ্রাতৃ, ভায়া। [য. বো.'০০]

ভাঁড় : সং, বিদূষক, ক্লাউন, নর্মসচিব, নর্মসহচর।

ভাগ্য : অদৃষ্ট, বিধি, দৈব, ললাট, কপাল, বরাত, নসিব, তকদির, কিসমত, নিয়তি, ভবিতব্য।

ভানু : সূর্য, রবি, অরুণ, কিরণ, তপন, প্রভাকর, দিবাকর, আদিত্য, অংশুমালী।

ভাব : অস্তিত্ব, চিন্তা-ভাবনা, উৎপত্তি, সত্তা, অবস্থা, প্রকার, রকম, মনস্থিত বিষয়, অভিপ্রায়, চিত্তবিকার।

ভার্যা : স্ত্রী, পত্নী, সহধর্মিণী, বধূ, জায়া, বনিতা, গৃহিণী, দার, কলত্র, অঙ্গনা, অর্ধাঙ্গী, জীবনসঙ্গিনী।

ভুজঙ্গ : সাপ, সর্প, নাগ, উড়গ, ফণী, আশীবিষ, বিষধর।

ভুল : ভ্রান্তি, ভ্রম, প্রমাদ, ত্রুটি, গলদ, দোষ।

ভেদ : ছেদন, পার্থক্য, বেধন, বিদারণ, অনৈক্য, পরিবর্তন।

ভোঁদড় : উদ্‌বিড়াল, উদ্র, জলনকুল, জলমার্জার, ধেড়ে।

ভোগ : অনুভব, উপভোগ, সুখভোগ, ইন্দ্রিয়সেবা।

ভ্রমর : ভিমরুল, ভোমরা, অলি, ভ্রমরক, ভৃঙ্গ, ভৃঙ্গারোল, দ্বিরেফ, শিলীমুখ, মধুকর, মধুপ, চঞ্চরী, ষট্‌পদ, রোলম্ব, মধুপায়ী, মধুলেহী, অলিপিক, অলিম্পক। [ঢা. বো. '১৪]

ভ্রাতুস্পুত্র : ভাইপো, ভ্রাতৃজ, ভাতিজা, ভাইয়ের ছেলে, ভ্রাতৃতনয়, ভ্রাতৃব্য।

## ম

মঞ্জরি : অঙ্কুর, মুকি, মুকুল, বোল, বউল, কুঁড়ি, কলি, কোরক, কিশলয়, কচিপাতা, নতুন পাতা, নবকিশলয়, নবদল, নবপল্লব, নবপত্র, তরুরাগ।

মণ্ডল : চক্র, গোলক, গোল, বেষ্টন, সংঘ, পরিধিসমূহ, গোষ্ঠী।

মত : অভিমত, সম্মতি, সমর্থন, ধারণা, প্রণালি, বিধি, বিধান, অভিপ্রায়, স্বীয়চিন্তা।

মতলব : অভিসন্ধি, কৌশল, ইচ্ছা, উদ্দেশ্য, অভিপ্রায়, কূটকৌশল, ফন্দি।

মতি : প্রবৃত্তি, ইচ্ছা, অভিপ্রায়, জ্ঞান, বুদ্ধি, অনুরাগ, মন।

মধু : মউ, মকরন্দ, মাধ্বীক, ভ্রামর, পুষ্পসার, ফুলের নির্যাস, পুষ্পাসব।

মন : হৃদয়, অন্তর, দিল, পরান, চিত্ত, হিয়া, অন্তঃকরণ, অন্তরাত্মা, চিত্তপট, মানসলোক, মনোজগৎ।

মনোযোগ : মনোনিবেশ, অভিনিবেশ, একাগ্রতা, প্রণিধান, মনঃসংযোগ, অভিনিষ্ট, নিবিষ্টতা।

মন্থন : আলোড়ন, মথন, মথিতকরণ, আবর্তন, ঘোটন, বিনাশন।

মন্দ : খারাপ, অশুভ, অসৎ, দুষ্ট, ধীর, অপকৃষ্ট।

ময়ূর : কলাপী, কেকী, তাউস, শিখী, শিখণ্ডী, শিতিকণ্ঠ, শতপত্র, দাত্যূহ, সর্পহা, সর্পভুক, নাগান্তক, পন্নগারি, শিলীমুখ, হরি, বর্হী। [রা. বো. '০৯, '১২; ব. বো. '০৬, '১০; সি. বো. '১২; চ. বো. '১৫]

মরিচা : মরচে, জং, অয়োমল, লৌহমল, মণ্ডুর, লোহার মল।

মর্ম : তাৎপর্য, গূঢ়ার্থ, রহস্য, উদ্দেশ্য, হৃদয়, অর্থ, নিগূঢ়ার্থ।

মহৎ : শ্রেষ্ঠ, উচ্চ, উন্নত, উৎকৃষ্ট, মহানুভব, উদার, পরম, প্রবল, মহতী, বৃহৎ, অত্যন্ত।

মহাজন : মালিক, সাধু, উত্তমর্ণ, ঋণদাতা, মহান ব্যক্তি, কর্জদাতা, ঋষভ।

মা : জননী, আম্মা, মাতা, মাতৃ, মাতৃকা, আই, অম্বা, গর্ভধারিণী, জন্মদাত্রী, জনয়িত্রী, জনিকা, প্রসূতি, প্রজায়িনী, প্রজনিকা। [য. বো. '০০, '০৩; ঢা. বো. '০৬; ব. বো. '০৬, '১৫; কু. বো. '১১; দি. বো. '১২]

মাটি : মৃত্তিকা, ভূমি, জমি, ভূতল, কবর, পঙ্ক, আশ্রয়, ভূসম্পত্তি, শিলীন্ধ্রা, শিলীন্ধ্রী, ক্ষিতি, খাক।

মান : মর্যাদা, গর্ব, সম্মান, সম্ভ্রম, পরিমাণ, অভিমান, দম্ভ, পূজা।

মায়া : স্নেহ, মমতা, মোহ, কপটতা, ভ্রান্তি, ইন্দ্রজাল, ছলনা, ছদ্মবেশ, জাদু।

মুকুল : মঞ্জরি, অঙ্কুর, মুকি, কুঁড়ি, কলি, কোরক, কলিকা, বোল, বল্লরি, বউল, মউল, মৌল, আফোটা ফুল, অর্ধবিকশিত ফুল। [ব. বো. '১৩]

মুক্ত : খালাস, খোলা, অনবরুদ্ধ, আবদ্ধ, অবারিত, নিষ্কাশিত, নিষ্কৃতিপ্রাপ্ত, স্বাধীন, ত্রাণপ্রাপ্ত।

মুক্তি : উদ্ধার, পরিত্রাণ, মোচন, ত্রাণ, নিষ্কৃতি, স্বাধীনতা, নিস্তার, অব্যাহতি, খালাস, রেহাই।

মুখ : বদন, মুখগহ্বর, মুখমণ্ডল, মর্যাদা, আনন, মোহন, প্রবেশপথ, আরম্ভ।

মূক : বাক্‌শক্তিহীন, বোবা, হাবা, হাবাগঙ্গারাম।

মৃত্যু : মরা, মরণ, ইন্তেকাল, বিনাশ, নাশ, নিধন, নিপাত, প্রয়াণ, চিরবিদায়, পরলোকগমন, স্বর্গলাভ, দেহত্যাগ, প্রাণত্যাগ, লোকান্তরপ্রাপ্তি, পঞ্চত্বপ্রাপ্তি, জীবনাবসান, লোকান্তর, দেহাবসান, কালনিদ্রা, জীবনান্ত, দেহান্ত, মারা যাওয়া, পটোল তোলা, মহাপ্রয়াণ।

মৃদু : হালকা, নরম, মন্থর, ধীর, অনু, আলতো, কোমল, ক্ষীণ, অল্প।

মেঘ : নীরদ, জলদ, জলধর, তোয়দ, জীমূত, ঘন, অভ্র, অম্বুদ, অম্বুবাহ, অম্বুবাহী, অম্ভোদ, আবর, পয়োধর, পয়োদ, বলাহক, বারিদ, বারিবাহ, কাদম্বিনী, নীরধর। [সি. বো. '০১, '০৩, '০৭, '০৯, '১৩; রা. বো.'০৬, '১১, '১৫; চ. বো. '১৫; ব. বো. '০১, '১০; য. বো. '১১]

মৌমাছি : বোলতা, দ্বিরেফ, মধুকর, ভ্রমরক, ভিমরুল, ভ্রমর, বল্লা, মধুমক্ষিকা, মধুকর, মধুজীব, মধুজীবী, মধুপ, মধুপায়ী, পদ্মবন্ধু, পুত্তিক।

## য

যশ : কীর্তি, প্রসিদ্ধি, বিশ্রুতি, খ্যাতি, প্রশংসা, নাম, নামডাক, সুনাম।

যুক্তি : পরামর্শ, হেতু, কারণ, মন্ত্রণা, বিচার, ন্যায়, সংযোগ, মিলন, সংযুক্তি।

যুদ্ধ : সংগ্রাম, সমর, রণ, লড়াই, জঙ্গ, দ্বন্দ্ব, আহব, বিগ্রহ, যুদ্ধবিগ্রহ, যোধন, সংঘর্ষ, সংঘাত, প্রতিদারণ, যুঝ। [য. বো. '০১]

যোগ্য : উপযুক্ত, সমর্থ, যথাযোগ্য, উচিত, মানানসই, সক্ষম, ন্যায্য, সমান, সমকক্ষ।

## র

রং : রঞ্জক দ্রব্য, বর্ণ, হাস্য, পরিহাস, চিহ্নভেদ, কৌতুক, অতিরঞ্জন, মজা।

রংধনু : রামধনু, ইন্দ্রধনু, ইন্দ্রচাপ, ইন্দ্রায়ুধ।

রক্ত : রক্তিম, রাঙা, রুধির, লাল, শোণিত, রঞ্জিত, আসক্ত, অনুরক্ত।

রণ : দ্বন্দ্ব, সমর, লড়াই, যুদ্ধ, জঙ্গ, সংগ্রাম।

রব : ধ্বনি, শব্দ, আওয়াজ, গুজব, রোল, নিনাদ।

রস : নির্যাস, নিঃস্রাব, জল, আনন্দ, আকর্ষণ, আস্বাদ, কৌতুক, উল্লাস, ক্ষরণ, তাৎপর্য, মর্ম।

রাজকন্যা : শাহজাদি, রাজকুমারী, রাজনন্দিনী, রাজদুহিতা, রাজসুতা, নবাবজাদি।

রাজা : সুলতান, বাদশা, বাদশাহ, সম্রাট, রাজেন্দ্র, নৃপমণি, নৃপ, নৃপাল, নৃপেন্দ্র, নৃপতি, নরেশ, ভূপতি, ভূপ, নরপতি, ভূপাল, মহীপার, দণ্ডধর, নরাধিপ, নরেন্দ্র, নরদেব, ক্ষিতীশ, ক্ষিতিনাথ, ক্ষিতিপতি, ক্ষিতিপ, অধিপতি, অধিরাজ, অধীশ্বর, অধীশ, অধিভূ, প্রজানাথ, মহীশ, রাজন্য, রাজড়া, জাহাঁপনা, শাহ, শাহেনশা, পাতশা, রাজশেখর। [কু. বো. '০১; রা. বো. '০৪; ঢা. বো. '০৬; য. বো. '০৩, '১০; দি. বো. '১১; ব. বো. '১১]

রাত্রি : রাত, রাতি, রজনি, নিশি, নিশা, নিশীথ, রাত্তির, যামিনী, যামবতী, যামী, যামিকা, নিশীথিনী, নিশুতি, তামসী, তারকিণী, অন্ধিকা, শর্বরী, বিভাবরী। [ঢা. বো. '০১, '০৬, ১৫; য. বো. '০১, '০৫; রা. বো. '০১, '০৫, '১৫; চ. বো. '০৯, '১৩; কু. বো. '০১, '১১, '১৩; সি. বো. '০৩, '০৬, '০৯, '১৪; ব. বো. '০৬, '০৮, '১০, '১৪; দি. বো. '১২]

রানি : সম্রাজ্ঞী, মহিষী, রাজমহিষী, রাজপত্নী, রাজ্ঞী, বেগম।

রাবণ : লঙ্কাপতি, লঙ্কেশ, লঙ্কেশ্বর, দশানন, রক্ষপতি, রক্ষনাথ, রক্ষরাজ, বৈশ্রবণ, রাক্ষসরাজ।

রীতি : প্রথা, প্রণালি, ধরন, নিয়ম, দস্তুর, আইন, ধারা, স্বভাব, রচনাশৈলী, পদ্ধতি।

রুচি : পছন্দ, মার্জিত আচার ও আচরণ, সৌন্দর্য, লাবণ্য, দীপ্তি, উজ্জ্বলতা, শোভা, ইচ্ছা, অভিলাষ, স্পৃহা, আগ্রহ, প্রবৃত্তি, অনুরাগ, আকর্ষণ, আসক্তি।
রুপা : রৌপ্য, রুপো, রজত, চাঁদি।
রূপ : আকৃতি, চেহারা, স্বরূপ, মূর্তি, সৌন্দর্য, শোভা।
রেখা : লম্বা দাগ, চিহ্ন, কলঙ্ক, রেখাঙ্কন, ডোরা, রেখাপাত।
রোষ : রাগ, ক্রোধ, কোপ, গজব, অসন্তোষ।

## ল

লগ্ন : তিথি, ক্ষণ, দণ্ড, সময়, হোরা, কাল।
লজ্জা : শরম, লাজ, সংকোচ, ব্রীড়া, অনুচিত, সংশয়।
লাইব্রেরি : গ্রন্থাগার, গ্রন্থালয়, পাঠগৃহ, পুথিশালা, গ্রন্থকুটির, পুস্তকালয়, পাঠাগার, গ্রন্থগৃহ।
লীলা : প্রমোদ, কেলি, ক্রীড়া, খেলা, বিলাস।
লেখক : রচয়িতা, গ্রন্থকর্তা, গ্রন্থকার, রচনাকারী, প্রণেতা।
লেখা : লেখন, লিপি, অঙ্কন, গল্প, বিন্যস্ত।
লোভ : লালসা, লিপ্সা, আকাঙ্ক্ষা, কাম্যবস্তু, কামনা।

## শ

শক্ত : কঠিন, কড়া, দৃঢ়, সুদৃঢ়, কঠোর, অনমনীয়, দড়, নিরেট, মজবুত।
শক্তি : বল, জোর, ক্ষমতা, প্রভাব, সামর্থ্য, তেজ, প্রতিপত্তি।
শত্রু : দুশমন, অরি, অমিত্র, অবন্ধু, বিরোধী, বৈরী, রিপু, প্রতিপক্ষ, অরাতি। [সি. বো. '০৩]
শরীর : গা, দেহ, অঙ্গ, তনু, গাত্র, কলেবর, বপু, গতর।
শাসক : প্রশাসক, পরিচালক, নির্দেশক, বিধানদাতা, শাসনকর্তা, শাসনকারী।
শাহজাদা : যুবরাজ, রাজকুমার, রাজনন্দন, রাজপুত্র, নবাবজাদা, বাদশাজাদা।
শিক্ষণ : অধ্যয়ন, অধ্যাপন, শিক্ষাদান, বিদ্যাদান, উপদেশ, তালিম, শেখানো।
শিখর : শীর্ষ, চূড়া, অগ্র, পর্বতশৃঙ্গ, উপরিভাগ, শীর্ষদেশ।
শিয়াল : শূকর, ফেউ, শুয়োর, ফেরু, বৃক, শিবালু, শিবা, শেয়াল, শৃগাল, বরাহ, বজ্রদন্ত, বরা, গোমায়ু, দন্তায়ুধ, ভ্রামক, কোল ক্রোড়।
শিশির : হিম, হিমিকা, নীহার, তুষার।
শিষ্ট : শান্ত, ভদ্র, বিনীত, সুশীল, সুবোধ, মার্জিত, শিক্ষিত, নীতিবান।
শীল : আচার-আচরণ, স্বভাব, চরিত্র, রীতি, নীতি, সম্ভ্রম, প্রবৃত্তি, আদব-কায়দা।
শুঁড় : শুঙ্গা, রোঁয়া, শুঁয়া, শুঙ্গা, শুন্ড, অ্যান্টেনা, শূক।
শুদ্ধ : নির্ভুল, পবিত্র, নির্দোষ, নির্মল, নির্ভেজাল, শুচি, শোধিত, অবিমিশ্র, খাঁটি।
শূন্য : ফাঁকা, অনস্তিত্ব, আকাশ, রহিত, রিক্ত, '০' চিহ্ন, বিহীন, খালি।
শেষ : অবসান, সমাপ্তি, ইতি, সম্পূর্ণ, বিগত, নিষ্পত্তি, ধ্বংস, বিনাশ, চূড়ান্ত, সমাধা।
শোভন : সুন্দর, শোভাময়, শোভাকর, শোভাযুক্ত, শোভনীয়, শোভিত, মনোজ্ঞ, মানানসই, যথাযোগ্য, রাজিত।
শ্যাম : শ্যামল, সবুজ বর্ণ, মেঘবর্ণ, অসিত, শ্রীকৃষ্ণ।

## ষ

ষড়ঋতু : ছয়ঋতু, মৌসুম, মরশুম, ষট্‌ঋতু, ঋতুপ্রবাহ, ঋতুবৈচিত্র্য।

ষণ্ডা : বলবান, বলিষ্ঠ, কাণ্ডজ্ঞানহীন, গুন্ডা, গোঁয়ার, গাভুর, পালোয়ান।

ষাঁড় : ষণ্ড, বলদ, বৃষ, বৃষভ, ঋষভ, পুঙ্গব, বলীবর্দ, শিববাহন।

## স

স : সহ, সহিত, সহকারী, সাথে, যুক্ত, সদৃশ, সমান, সধর্মা, গোত্র, সই, সখী।

সংকলন : সংগ্রহ, সংযোগ, সংকলিত, মিলন, গোছানো, একত্রবরণ, গচ্ছিত।

সংকাশ : সকাশ, তুল্য, সমীপস্থ, সদৃশ, সন্নিহিত, নিকটস্থ, সন্নিধান, নিকট।

সংক্রান্ত : সঞ্চারিত, ব্যাপ্ত, সম্বন্ধীয়, প্রাপ্ত, প্রবিষ্ট, সংশ্লিষ্ট, সংক্রামিত, সম্পৃক্ত, সম্পর্কিত।

সংঘটন : ঘটানো, যোজন, মিলন, একত্রকরণ, ঘটনা।

সংযম : সংযমন, সংবরণ, দমন, প্রশমন, দান্তি, যমন, নিবারণ, রোধ, সংরোধ, প্রতিসংহার, নিরোধ, নিয়ন্ত্রণ, মিতাচার, পরিমিতি। [ব. বো. '১৩]

সংহার : বিনাশ, ধ্বংস, প্রলয়, প্রত্যাহার, অবসান, সংকোচন, গোটানো।

সকাল : প্রভাত, প্রাতঃকাল, সকালবেলা, বিহান, উষাকাল, উষালগ্ন, নিশান্ত, নিশাত্যয়, রাত্রির অবসান।

সঞ্চারণ : সংক্রমণ, আবির্ভাব, গতি, ব্যাপ্তি, বিস্তার, আধান, স্থাপন, চালন, উত্তেজন, সঞ্চারিত।

সৎ : সত্য, নিত্য, সাধু, শুভ, অস্তিত্বশীল, বিদ্বান, উত্তম। [সি. বো. '০৮]

সত্ত্ব : সত্তা, অস্তিত্ব, সত্ত্বগুণ, প্রকৃতি, স্বভাব, মন, আত্মা, প্রাণ, পরাক্রম, ত্রিগুণের শ্রেষ্ঠ, সাহস, প্রাণী, বস্তু, নির্যাস, সারা, প্রকৃত, বাস্তব, যথার্থ, সত্যি, সত্য, বাস্তবিক।

সত্য : প্রকৃত, বাস্তব, অমিথ্যা, নিত্য, নিত্যতা, যাথার্থ্য, শপথ, দিব্যি।

সদস্য : সভ্য, সভাসদ, সভাজন, পরিষদ, পার্ষদ, মেম্বার।

সন্ধান : অন্বেষণ, খোঁজ, মেলা, মিশ্রণ, সদ্য, তত্ত্ব, রহস্য, যোজন, প্রস্তুতকরণ, গজানো, সন্ধি, বন্ধন, মিলন।

সন্ধ্যা : সাঁজ, সাঁঝবেলা, সায়াহ্ন, গোধূলি, দিনান্ত, সূর্যাস্তকাল, অস্তকাল, সায়, সায়ংকাল, নিশামুখ, নিশাগম, নিশিসমাগম, দিবাবসান, দিনাবসান, দিনশেষ।

সম : সমান, যোগ্য, তুল্য, সদৃশ, ঋজু, অবন্ধুর, যুগ্ম, একত্র, অভিন্ন।

সমর্পণ : সম্যক অর্পণ, নিবেদন, উৎসর্গ, উৎসর্জন, স্থাপন, স্বত্বত্যাগ করে দান।

সমুদ্র : সাগর, সায়র, সিন্ধু, দরিয়া, পারাবার, বারীশ, অর্ণব, প্রচেতা, সরিৎপতি, রত্নাকর, পাথার, পারাবার, সমুদ্দুর, পয়োধি, অম্বুধি, অম্ভোধি, জলেন্দ্র, অকূপার, অকূল, অকূলপাথার, জলেশ্বর, জলারণ্য, জলধর, বারিধর, নদীকান্ত, রত্নগর্ভ, নীলাম্বু, ঊর্মিমালী, মকরালয়, মকরাকর, জলধি, বারিধি, নীরধি, তোয়ধি, তোয়রাশি, অম্বুনিধি, অম্ভোনিধি, জলনিধি, নীরনিধি, বারিনিধি, জলাধিপ, বারীন্দ্র।

[ঢা. বো. '১৫, সি. বো. '১৫]

সমূহ : সকল, রাজি, মালা, গণ, নিচয়, পুঞ্জ, বহু, রাশি, সব, সমুদয়, অনেক, কুল, বৃন্দ, বর্গ, শ্রেণি, পাল।

সম্মেলন : সমাবেশ, সভা, জমায়েত, সম্মিলন, মিটিং, বৈঠক, অধিবেশন।

সরিষা : সরষে, রাই, সর্ষপ, রাইসরিষা।

সাদা : শ্বেত, শুভ্র, ধবল, সফেদ, নির্মল, শুক্ল, শুচি, সিত, অরঞ্জিত, সহজ, সরল।

সাধন : সাধনা, আরাধনা, সম্পাদন, উপায়, সহায়, সাফল্য, সিদ্ধি, নিষ্পাদন, উপাসনা।

সাপ : সর্প, ফণী, অহি, নাগ, ভুজগ, ভুজঙ্গ, ভুজঙ্গম, আশীবিষ, উরগ, কুণ্ডলী, বিষধর, পুণ্ডরীক, পন্নগ, দ্বিজিহ্ব, অকর্ণ, গোকর্ণ, ফণাধর। [য. বো. '০২]

সাহসী : নির্ভীক, ভয়হীন, ভয়শূন্য, শঙ্কাশূন্য, শঙ্কাহীন, অশঙ্ক, অশঙ্কিত, নিঃশঙ্ক, নিরাতঙ্ক, নির্ভয়, অভয়, অভীক, ভয়রহিত, নির্বিশঙ্ক, অভীত, ভয়হারা, ভীতিশূন্য। [রা. বো. '১০; কু. বো. '০৪]

সিংহ : পশুরাজ, বনরাজ, কেশরী, শের, জটী, নাগান্তক, মৃগেন্দ্র, মৃগরাজ, হর্যক্ষ, মৃগপতি, গজারি, হরি, পারীন্দ্র, পশুপতি। [রা. বো. '০৪; য. বো.'০৬, '০৭, '১৫]

সুন্দর : মনোরম, শোভন, শোভাময়, শিরিন, সুদৃশ্য, চারু, রম্য, রমণীয়, কমনীয়, কান্তিমান, লাবণ্যময়, সুদর্শন, ললিত, সুকান্ত, সুচারু, মনোহর, সুশ্রী, সুশোভন, চমৎকার, মঞ্জুল, সুরম্য, নয়নাভিরাম, চোখজুড়ানো, অপরূপ, নিরুপম, অনুপম। [কু. বো. '০২, '১৩; সি বো. '০৮]

সুন্দরী : রূপসি, রূপবতী, রূপিণী, রূপময়ী, সুরূপা, অপরূপা।

সূর্য : রবি, তপন, তরণি, অর্ক, মিত্র, সূর, অরুণ, অর্যমা, সবিতা, ভানু, আদিত্য, মার্তণ্ড, দিনেশ, প্রভাকর, দিবাকর, দিনকর, পদ্মকর, বিভাকর, ভাস্কর, অংশুমালী, দ্যুমণি, দিনমণি, উষাপতি, দিনপতি, দিননাথ, পদ্মনাথ, পদ্মবন্ধু, পদ্মপাণি, পদ্মিনীকান্ত, চিত্রভানু, নভশ্চক্ষু, দিবাবসু, বিভাবসু, সুরজ, অংশুমান, জ্যোতিষ্মান, মিহির। [ঢা. বো. '০১, '০২, '০৪, '০৬, '১৪; রা. বো. '০০, '০৪; য. '০০, '০৫, '০৬, '০৯, '১০; চ. বো. '০২; সি. বো. '০১, '০৭, '১২, '১৩; ব. বো. '০৬, '০৮, '০৯, '১২, '১৪; দি. বো. '১২, '১৪]

সৃজন : সৃষ্টি, নির্মাণ, রচনা, গঠন, প্রতিষ্ঠা, গ্রন্থন।

স্তম্ভ : খুঁটি, ঘরের থাম, গাছের গুঁড়ি, জড়ীভাব, দৃঢ়ভাব, নিশ্চলতা, নিরোধ, নিবারণ।

স্ত্রী : পত্নী, সহধর্মিণী, অর্ধাঙ্গী, দার, দয়িতা, জায়া, কলত্র, অঙ্গনা, বনিতা, ধর্মপত্নী, বধূ, বউ, গৃহিণী, গিন্নি, ঘরনি, বিবি, বেগম, বেগমসাহেবা, পরিবার, গৃহদেবী, জীবনসঙ্গিনী, গৃহলক্ষ্মী। [সি. বো. '০২]

স্বত্ব : মালিকানা, অধিকার, মালিকত্ব, স্বামিত্ব, প্রভুত্ব।

স্বভাব : চরিত্র, আচরণ, নিজভাব, আত্মভাব, স্বপ্রকৃতি, প্রকৃতি, নিসর্গ, স্বরূপ।

স্বর্গ : স্বর্গরাজ্য, স্বর্গধাম, সুরপুর, ইন্দ্রপুরী, দেবপুরী, স্বর্গপুরী, দেববাস, দেবায়তন, দেবভূমি, দেবালয়, অমর্ত্যলোক, অমৃতলোক, ইন্দ্রলোক, ঊর্ধ্বলোক, দেবলোক, দ্যুলোক, সুরলোক, স্বর্গলোক, অমর্ত্যভুবন, অমরাবতী, অমরালয়, ত্রিদিব, বেহেশত। [য. বো. '০৩, '০৬; কু. বো. '০১, '০৫, '০৭]

স্বর্ণ : সোনা, কনক, হেম, সুবর্ণ, কাঞ্চন, হিরণ্য, হিরণ, মহাধাতু। [য. বো. '১৫]

স্বামী : পতি, অধিপতি, দয়িত, কান্ত, নাথ, প্রভু, মালিক, মনিব।

## হ

হত : মৃত, নিহত, লুপ্ত, নাশিত, নষ্ট, ব্যাহত, অশুভ, মন্দ।

হরিণ : মৃগ, কুরঙ্গ, ঋষ্য, সারঙ্গ, সুনয়ন, এণ, রঙ্কু, সম্বর, শম্বর।

হাত : হস্ত, বাহু, ভুজ, কর, পাণি। [সি. বো. '০৯]

হাতি : হস্তী, করী, দ্বিপ, বারণ, গজ, মাতঙ্গ, কুঞ্জর, দন্তী, দ্বিরদ, ঐরাবত, শুশুধর, নাগ, দন্তাবল, ইরম্মদ, নগজ, করেণু, পিল, রদী, রদনী, মাকনা, কুনকি, হস্তিনী, বজ্রদন্ত, নাগরাজ, নাগাধিপ, নাগেন্দ্র।

হিসাব : গণনা, সংখ্যাকরণ, জমাখরচের বিবরণ, দর, বিচার, কৈফিয়ত।

NABARUN PUBLICATION